

গণিতের শটকার্ট

সম্পাদনায়ঃ মাহবুব অর রশিদ

সব ধরনের ই-বুক ডাউনলোডের জন্য

**MyMahbub.Com**

## আমার কথা

BCS, ব্যাংকসহ বিভিন্ন চাকরির পরীক্ষায় সবচেয়ে কমন যে বিষয়টা থাকবেই থাকবে তার নাম "গণিত" আমরা সবাই কম বেশ অংক করতে পারি। কিন্তু পরীক্ষার হলে তো বসে বসে চিন্তা করার সময় নাই যে, অংকটা কেমনে হবে। কারণ ১টা প্রশ্নের জন্য আপনাকে ১ মিনিট সময় ও দেওয়া হয় না, অংক করার জন্য অনেক কাগজ ও সরবরাহ করা হয় না। তাই যতো দ্রুত সম্ভব যতো কম জায়গায় অংকের সমাধান করতে হয়। এই চিন্তা থেকেই গণিতের ঘাবতীয় অংকের শটকার্ট সমাধান বের করার মানসে কাজ করি এবং এই পিডিএফ বইটা বানাই। ১০০ পৃষ্ঠা, ডেইলি ৫ পৃষ্ঠা করলে ২০ দিনে বই শেষ! ৩ পৃষ্ঠা করে পড়লে ১ মাসেই গণিত বই শেষ! গণিতের বিস্তৃত পরিসর থেকে যতোটুকু সম্ভব অন্তর্ভুক্ত করার চেষ্টা করেছি। তবু কিছু বাকি থেকে গেছে। পরবর্তী সংস্করণে অন্তর্ভুক্ত করবো ইনশাল্লাহ।

বইটি যতোটুকু সম্ভব ডুল-ক্রটি মুক্ত রাখার চেষ্টা করেছি। তবু কোনো ডুল পরিলক্ষিত হলে আমাকে জানাবেন। পরবর্তী সংস্করণে সংশোধন করে নিবো ইনশাল্লাহ।

এই pdf বইটা আমার অনেক অনেক কষ্টের ফসল। এর কোনো অংশ কপি করে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার না করার বিনীত অনুরোধ রইলো।

মাহবুব অর রশিদ

০১-০৫-২০১৭

১) প্রাথমিক আলোচনা.....	005
২) শতকরা.....	009
৩) লাভ-ক্ষতি.....	010
৪) অনুপাত.....	011
৫) মৌলিক সংখ্যা.....	013
৬) বর্গের অন্তর.....	014
৭) শতকরা হিসাবের শটকাট.....	016
৮) গণিতের বেসিক.....	018
৯) ত্রিকোণমিতি.....	023
১০) ভগ্নাংশ.....	025
১১) বর্গমূল বের করা.....	027
১২) লাভ-ক্ষতি.....	030
১৩) বর্গের পার্থক্য.....	032
১৪) সুদ-কষা.....	033
১৫) ভগ্নাংশে রূপান্তর.....	035
১৬) সংখ্যা নির্ণয়.....	036
১৭) গতিবেগ.....	037
১৮) পরিমাপ.....	038
১৯) পাইপ ও গতিবেগ.....	041
২০) নৌকা-স্রোত.....	043
২১) পরীক্ষার পাস-ফেল.....	044
২২) কাজ ও শ্রমিক.....	046
২৩) অনুপাতের যোগফল.....	047
২৪) সংখ্যার যোগফল.....	048
২৫) ক্রমিক সংখ্যার যোগফল.....	049

২৬) চৌবাচ্চা সংক্রান্ত	050
২৭) চাকারপরিধি	051
২৮) ক্যালকুলেটর ছাড়া	052
২৯) ক্যালকুলেটর ছাড়া অনুপাতের ভাগ	053
৩০) সংখ্যার বর্গ	054
৩১) বর্গের ৪টি সূত্র	055
৩২) লাভ-ক্ষতি	056
৩৩) দ্রব্যমূল্যের শতকরা হার	058
৩৪) শতকরার সমস্যা ও সমাধান	060
৩৫) সুদ-কষা	061
৩৬) বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্র	063
৩৭) Percentage	064
৩৮) ভগ্নাংশ	065
৩৯) বাবরের বাঁশে উঠা সংক্রান্ত	066
৪০) কাজ ও শ্রমিক সংক্রান্ত	070
৪১) সুদকষার সব অঙ্ক	071
৪২) সমস্যার অনুশীলন	072
৪৩) ব্যাংকের কিছু প্রশ্ন	093
৪৪) গণিতের কিছু বেসিক	095
৪৫) বিশেষ দ্রষ্টব্য	100

## প্রাথমিক আলোচনা

### প্রাথমিক ধারণা, সংখ্যাপদ্ধতি, পরিমাপ, ল.সা.গু গণিতের প্রাথমিক আলোচনা

► ক্যালকুলাসের আদি ধারণা দেন কে? নিউটন।

► সংখ্যাতত্ত্বের জনক কে? পিথাগোরাস।

► জ্যামিতির জনক কে? ইউক্লিড।

► রোমান M প্রতিকের অর্থ কি? 1000.

#### সংখ্যা পদ্ধতি

► শুন্যসংখ্যার আদি ধারণ কাদের? ভারতীয়।

► ৬ অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত? ৮৯৯৯৯৯। (999999-100000)

► একটি সংখ্যার শতক, দশক ও একক স্থানীয় অংক যথাক্রমে p, q, r সংখ্যাটি কত?  $100p+10q+r$

► ১, ২ ও ৩ দ্বারা গঠিত ৩ অংকের ঘটটি সংখ্যা লেখা যায় তাদের সমষ্টি কত? ১৩৩২।

► দুই অংকবিশিষ্ট একটি সংখ্যাকে অংকদ্বয়ের গুনফল দ্বারা ভাগ করলে ভাগফল হয় ৩। সংখ্যাটির সাথে ১৮ যোগ করলে অঙ্কদ্বয় স্থান বিনিময় করে। সংখ্যাটি কত? ২৪। [একক স্থানীয় মান-x, দশক স্থানীয় মান-y সংখ্যাটি  $10x+y$  ধরে করতে হবে]

► ৭২ সংখ্যাটির মোট ভাজক আছে কয়টি? ১২টি। [যে কোন সংখ্যার ল.সা.গু করে সুচকে পরিনত করতে হয়]

► যদি n এবং p দুটি অযুগ্ম সংখ্যা হয়, তবে যুগ্ম সংখ্যা? n+p. [দুইটি অযুগ্ম সংখ্যার যোগফলই যুগ্ম সংখ্যা]

► ১ থেকে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে? ১০টি। [যে সংখ্যাকে ঐ সংখ্যা বা ১ ব্যতিত ভাগ করা যায় না]

►  $\sqrt{5}$  সংখ্যাটি কি সংখ্যা? অমূলদ। [পূর্ণবর্গ নয় এমন যে কোন সংখ্যাই অমূলদ সংখ্যা]

## আন্তর্জাতিক গনণা পদ্ধতি

► ৯ কোটিতে কত মিলিয়ন হয়? ৯০ মিলিয়ন। [১০ মিলিয়নে ১কোটি]

► ১ ট্রিলিয়ন কত কোটি? ১লক্ষ কোটি।  $105 \times 10^7$  .

► বিবিয়না গ্যাস ফিল্ডে ১০ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ আছে। প্রতি বছর ১ লক্ষ মিলিয়ন ঘনফুট হারে উত্তোলন করা হলে কত বছরে এই ফিল্ড নিঃশেষ হবে? ১০০ বছরে। [১০ ট্রিলিয়ন = ১০০ লক্ষ মিলিয়ন]

## পরিমাপ ও একক সম্পর্কে

► আন্তর্জাতিক একক পদ্ধতি চালু হয় কত সালে? ১৯৬০ সালে।

► ১ কিমি সমান কত মাইল? ০.৬২ মাইল।

► ১ নোটিক্যাল মাইলে কত মিটার? ১৮৫৩.২৮ মিটার।

► সমুদ্রের পানির গভীরতা মাপার একক? ফ্যাদম।

► ১.৫ ইঞ্চি ১ ফুটের কত অংশ? ১/৮ অংশ।

► ৩০২ গজ ১মাইলের কত অংশ? ১/৫ অংশ। [যেখানে ১মাইল = ১৭৬০ গজ।

## ক্ষেত্র সম্পর্কিত

► এক বর্গ কিলোমিটার কত একর? ২৪৭ একর।

► একটি জমির পরিমাণ ৫ কাঠা হলে, তা কত বর্গফুট হবে? ৩৬০০ বর্গফুট।

► এক বর্গ ইঞ্চিতে কত বর্গ সেন্টিমিটার? ৬.৪৫ সেন্টিমিটার।

## আয়তন সম্পর্কিত

► ১ঘন মিটার = কত লিটার? ১০০০ লিটার।

► ৩ লিটার পানির ওজন কত? ৩ কেজি।

► এক গ্যালনে কয় লিটার? ৪.৫৫ লিটার।

## ভর সম্পর্কিত

► ১ সের সমান কত কেজি? ০.৯৩ কেজি।

► ১ মনে কত কত? ৩৭.৩২ কেজি।

► ১ টনে কত কেজি? ১০০০ কেজি।

► ১ কেজিতে কত পাউন্ড ২.২১ আইবিএস বা পাউন্ড।

► ১০ কুইন্টালে কত কেজি? ১ কেজি।

## দশের সূচকের নাম

► এক ন্যানো মিটার সমান? 10-9 .

► 20573.4 মিলিগ্রামে কত কিলোগ্রাম?

0.0205734 .

► একটি যোগ করতে কম্পিউটার ৫০ ন্যানো সেকেন্ড সময় লাগলে ১ সেকেন্ডে কতটি যোগ করতে পারবে? ২ কোটি।

## ଲ.ସା.ଓ

- କତ ଜନ ବାଲକକେ ୧୨୫ଟି କମଳାଲେବୁ  
ଏବଂ ୧୪୫ଟି କଳା ସମାନ ଭାବେ ଭାଗ କରେ  
ଦେଯା ଯାଯା? ୫ୱେନକେ। (ଦୁଟିକେ ଲସାଓ କରେ)
- ପାଁଚଟି ଘନ୍ଟା ଏକତ୍ରେ ବେଜେ ସଥାକ୍ରମେ ୩, ୫,  
୭, ୮, ୧୦ ସେକେନ୍ଡ ଅନ୍ତର ଅନ୍ତର ବାଜତେ  
ଲାଗିଲା। କତ ପରେ ଘନ୍ଟାଗୁଲୋ ପୁନରାୟ ଏକତ୍ରେ  
ବାଜବେ? ୧୪ ମିନିଟ୍। (ଲ.ସା.ଓ କରେ ୬୦ ଦିଯେ  
ଭାଗ)
- କୋନ କ୍ଷୁଦ୍ରତମ ସଂଖ୍ୟାକେ ୪, ୫, ୬ ଦିଯେ ଭାଗ  
କରିଲେ ଭାଗ କରିଲେ ଭାଗଶେଷ ପ୍ରତ୍ୟେକ ବାର ୩  
ଥାକବେ? ୬୩। (ଲ.ସା.ଓ କରେ ୩ ଯୋଗ କରେ)
- ଦୁଟି ସଂଖ୍ୟାର ଗୁଣ ଫଳ ୧୫୩୬। ସଂଖ୍ୟା ଦୁଟିର  
ଲ.ସା.ଓ ୯୬ ହଲେ ଗ.ସାଓ କତ? ୧୬। (ଭାଗ  
କରେ)
- ଏକଟି ଗାଡ଼ିର ସାମନେର ଚାକାର ପରିଧି ୨  
ମିଟାର ଏବଂ ପେଛନେର ଚାକାର ପରିଧି ୩ ମିଟାର।  
କମପକ୍ଷେ କତ ଦୂରତ୍ବ ଅତିକ୍ରମ କରିଲେ ସାମନେର  
ଟାକା ପେଛନେର ଚାକା ପେଛନେର ଚାକା ଅପେକ୍ଷା  
୧୦ ବାର ବେଶି ସୁରବେ? ୬୦ ମିଟାର। (ଲସାଓର  
ସାଥେ ୧୦ ଗୁଣ)

## শতকরা

নিচের অঙ্ক দুটি পিএসসির বিভিন্ন নিয়োগ পরীক্ষায় প্রশ্ন আসে-

১। শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ২৫ বছরে ৩গুণ হবে?

২। শতকরা ২০টাকা হারে সুদে কোন মূলধন কত বছরে আসলের দ্বিগুণ হবে?

টেকনিক:

যতগুণ থাকবে তার থেকে ১ বিয়োগ করে ১০০ দিয়ে গুণ করে তাকে প্রদত্ত হার দিয়ে ভাগ করলে সময় বের হবে। আর যদি প্রদত্ত বছর দিয়ে ভাগ করা হয় তাহলে হার বের হবে।

অর্থাত্ সূত্রটি

$$rxt = (n-1) \times 100. \quad (\text{এখানে } r = \text{শতকরা হার}, t = \text{সময়})$$

এখন ১নং অঙ্কটি করি

দেওয়া আছে  $t=25, n=3; r=?$

$$\begin{aligned} r &= \{(n-1) \times 100\} / t \\ &= \{(3-1) \times 100\} / 25 \\ &= \{2 \times 100\} / 25 \\ &= 200 / 25 \\ &= 8 \% \text{ (উত্তর)} \end{aligned}$$

২নং অঙ্কটি করি

দেওয়া আছে  $t=? , n=2 ; r=20$

$$\begin{aligned} t &= \{(n-1) \times 100\} / r \\ &= \{(2-1) \times 100\} / 20 \\ &= 100 / 20 \\ &= 5 \text{ বছর (উত্তর)} \end{aligned}$$

নিজে করুন :

১। শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ১০ বছরে ৩গুণ হবে?

২। শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ৫ বছরে ২গুণ হবে?

৩। শতকরা ১০টাকা হারে সুদে কোন মূলধন কত বছরে আসলের ৩গুণ হবে?

৪। শতকরা ১৫টাকা হারে সুদে কোন মূলধন কত বছরে আসলের ৪গুণ হবে?

উত্তর: 20%, 20%, 20y, 20y

**লাভ-ক্ষতি**  
**MyMahbub.Com**

নিচের টপিকস থেকে পিএসসির বিভিন্ন নিয়োগ পরীক্ষায় প্রশ্ন আসে।

**টপিকস :** লাভ -ক্ষতি

**অঙ্কের ধরণ:**

টাকায় নির্দিষ্ট দরে নির্দিষ্ট পরিমাণ দ্রব্য কিনে সেই টাকায় নির্দিষ্ট কম-বেশি দরে বিক্রি করায় শতকরা লাভ -ক্ষতির হার নির্ণয় করতে হবে ।

**টেকনিক:**

লাভ/ক্ষতি = ১০০ / বিক্রির সংখ্যা

উদা: টাকায় ৩টি করে লেবু কিনে ২টি করে বিক্রি করলে শতকরা লাভ কত?(২৬তম বিসিএস)

**টেকনিক:**

লাভ= ১০০/ বিক্রির সংখ্যা  
=১০০/২  
=৫০% (উত্তর)

**নিজে করুন:**

- ১। টাকায় ৫টি করে লেবু কিনে ৪টি করে বিক্রি করলে শতকরা লাভ কত?
- ২। টাকায় ২১টি করে লেবু কিনে ২০টি করে বিক্রি করলে শতকরা লাভ কত?
- ৩। টাকায় ৯টি করে লেবু কিনে ১০টি করে বিক্রি করলে শতকরা ক্ষতি কত?
- ৪। টাকায় ৪৯টি করে লেবু কিনে ৫০টি করে বিক্রি করলে শতকরা লাভ কত?

**উত্তর:** ১=25%, ২=5% ৩=10, ৪=2%

# অনুপাত

## MyMahbub.Com

নিচের টপিকস থেকে পিএসসির বিভিন্ন নিয়োগ পরীক্ষায় প্রশ্ন আসে।

টপিকস : অনুপাতের মিশ্রণ।

টেকনিক -১

মিশ্রণে যখন দুইটি অনুপাতের সংখ্যা দুইটির পার্থক্য যদি একই হয় তখন নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ =  $\{(মোট মিশ্রণের পরিমাণ / অনুপাতের ছোট সংখ্যা) \times অনুপাতের পার্থক্য\}$

উদা: ৩০লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭:৩। এ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত হবে ৩:৭।

লক্ষ্য করুন: এখানে অনুপাতের অন্তর উভয় ক্ষেত্রেই ( $৭-৩=৪$ ) একই।

অতএব, সূত্র মতে

নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ =  $\{(মোট মিশ্রণের পরিমাণ / অনুপাতের ছোট সংখ্যা) \times অনুপাতের পার্থক্য\}$

বা, নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ =  $(৩০/৩) \times ৪$   
 $= ৪০$ লিটার। (উত্তর)

টেকনিক -২

মিশ্রণে যখন দুইটি অনুপাতের সংখ্যা দুইটির পার্থক্য যদি ডিন্ল হয় তখন নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ =  $(মোট মিশ্রণের পরিমাণ / ১ম অনুপাতের সংখ্যা দুটির যোগফল।)$

উদা:

২৫ গ্রাম একটি সোনার গহনায় সোনা ও তামার অনুপাত ৪:১। গহনাটিতে আর কতটুকু সোনা যোগ করলে এতে সোনা ও তামার অনুপাত ৫:১ হবে?

লক্ষ্য করুন: এখানে অনুপাতের অন্তর উভয় ক্ষেত্রেই ডিন্ল। যেমন:  $৪-১=৩$  আবার  $৫-১=৪$ ।

অতএব, সূত্রমতে

নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ =  $(মোট মিশ্রণের পরিমাণ / ১ম অনুপাতের সংখ্যা দুটির যোগফল।)$

বা, নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ =  $২৫/(৪+১)=৫$  (উত্তর)

## নিজে নিজে করুন

প্রশ্নঃ ১। ৩২ লিটার অকটেন- পেট্রোল মিশ্রনে , পেট্রোল ও অকটেনের অনুপাত ৫:৩। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত হবে ৪:৫? ।

২। ২১লিটার পরিমাণ কেরোসিন ও পেট্রোল মিশ্রনে অনুপাত ৪:৩। এ মিশ্রণে কি পরিমাণ পেট্রোল মিশ্রিত করলে কেরোসিন ও পেট্রোল অনুপাত হবে ৩:৪ হবে?

৩। ৪২গ্রাম ওজনের একটি গয়নায় সোনা ও তামার অনুপাত ৪:৩। এতে কত সোনা মিশালে সোনা ও তামার অনুপাত ৫:৩ হবে?

৪। ৩০লিটার পরিমাণ এসিড ও পানির অনুপাত ৭:৩। এই মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩:৭ হবে?

৫। একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। সোনা ও তামার অনুপাত ৩:১। এতে কত সোনা মিশালে সোনা ও তামার অনুপাত ৪:১ হবে?

৬। ৬০লিটার পরিমাণ কেরোসিন ও পেট্রোল মিশ্রনে অনুপাত ৭:৩। এ মিশ্রণে কি পরিমাণ পেট্রোল মিশ্রিত করলে কেরোসিন ও পেট্রোল অনুপাত হবে ৩:৭ হবে?।

পিএসসির বিভিন্ন নিয়োগ পরীক্ষায় এখান থেকে প্রশ্ন আসে ।

১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২৫ টি

১ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০৪ টি (২,৩,৫,৭)

১১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০৪ টি (১১,১৩,১৭,১৯)

২১ থেকে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০২ টি (২৩,২৯,)

৩১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০২ টি (৩১,৩৭)

৪১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০৩ টি (৪১,৪৩,৪৭)

৫১ থেকে ৬০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০২ টি (৫৩,৫৯)

৬১ থেকে ৭০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০২ টি (৬১,৬৭)

৭১ থেকে ৮০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০৩ টি (৭১,৭৩,৭৯)

৮১ থেকে ৯০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০২ টি (৮৩,৮৯)

৯১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ০১ টি (৯৭)

মনে রাখার সুবিধার্থে : ৪৪২২৩২২৩২১ ফোন নাম্বার হিসেবে মনে রাখুন।

১-১০০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর যোগফল ১০৬০

## বর্গের অন্তর নির্ণয়

মাহবুব অর রশিদ

পিএসসির বিভিন্ন নিয়োগ পরীক্ষায় এই ধরণের অঙ্ক আসে।

প্রশ্নধরণ: বর্গের অন্তর বা পার্থক্য দেওয়া থাকলে, বড় সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ বড় সংখ্যা=(বর্গের অন্তর+1)÷2

উদাঃ দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর যদি 47 হয় তবে বড় সংখ্যাটি কত?

সমাধানঃ বড় সংখ্যা=(47+1)/2=24

প্রশ্নের ধরণ: দুইটি বর্গের অন্তর বা পার্থক্য দেওয়া থাকলে, ছোট সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ ছোট সংখ্যাটি=(বর্গের অন্তর -1)÷2

উদাঃ

প্রশ্নঃ দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 33। ক্ষুদ্রতম সংখ্যাটি কত হবে?

সমাধানঃ ছোট সংখ্যাটি =(33-1)÷2=16(উঃ)

প্রশ্নে যত বড়....তত ছোট/ তত ছোট....যত বড় উল্লেখ থাকলে সংখ্যা নির্ণয়ের ক্ষেত্রে

টেকনিকঃ সংখ্যাটি =(প্রদত্ত সংখ্যা দুটির যোগফল)÷2

উদাঃ

প্রশ্নঃ একটি সংখ্যা 742 থেকে যত বড় 830 থেকে তত ছোট। সংখ্যাটি কত?

সমাধানঃ সংখ্যাটি=(742+830)÷2=786 উঃ

নিজে করুন:

১। একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে  
তত ছোট। সংখ্যাটি কত?

২। একটি সংখ্যা ৫৫৩ থেকে যত বড় ৬৫১ থেকে  
তত ছোট। সংখ্যাটি কত?

৩। দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর যদি ১০১  
হয় তবে বড় সংখ্যাটি কত?

৪। দুইটি ক্রমিক সংখ্যা নির্ণয় করুন যাদের  
বর্গের অন্তর ৯৩।

৫। দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর যদি  
১৯৯ হয় তবে ছোট সংখ্যাটি কত?

উঁ: 1) 735, 2) 602, 3) 51, 4) 46, 47, 5) 99

# শতকরা হিসাবের শটকাট

## MyMahbub.Com

সূত্রঃ-১

মূল্য বৃদ্ধি পাওয়া ব্যবহার কমানোর ক্ষেত্রে

$$\text{ব্যবহার\_হ্রাসের\_হার} = (100 \times \text{মূল্য বৃদ্ধির হার}) \div (100 + \text{মূল্য বৃদ্ধির হার})$$

উদাহারণঃ যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না?

সমাধানঃ

$$\text{ব্যবহার হ্রাসের হার} = (100 \times 25) \div (100 + 25) = 20\%$$

সূত্রঃ -২

মূল্য হ্রাস পাওয়া ব্যবহার বাড়ানোর ক্ষেত্রে

$$\text{ব্যবহার\_বৃদ্ধির\_হার} = (100 \times \text{মূল্য হ্রাসের হার}) \div (100 - \text{মূল্য বৃদ্ধির হার})$$

উদাহারণঃ

কাপড়ের মূল্য ২০% কমে গেল। কোন ব্যক্তির খরচ বৃদ্ধি না করেও কাপড়ের ব্যবহার শতকরা কত বৃদ্ধি করতে পারে?

$$\text{সমাধানঃ ব্যবহার বৃদ্ধির হার} = (100 \times 20) \div (100 - 20) = 25\%$$

সূত্রঃ ৩

দুটি সংখ্যার শতকরা হারের তুলনার ক্ষেত্রে

$$\text{শতকরা\_কম / বেশি} = (100 \times \text{শতকরা কম বা বেশি}) \div (100 + \text{শতকরা কম বা বেশি})$$

উদাহারণঃ ক এর বেতন খ এর বেতন অপেক্ষা ৩৫ টাকা বেশি হলে খ এর বেতন ক অপেক্ষা কত টাকা কম?

$$\text{সমাধানঃ শতকরা কম বা বেশি} = (100 \times 35) \div (100 + 35) = 25.93\%$$

#### সূত্রঃ ৪

দ্রব্যমূল্যের শতকরা হার বৃদ্ধি পাওয়া

দ্রব্যের\_বর্তমান\_মূল্য = (বৃদ্ধির প্রাপ্ত মূল্যে হার X মোট মূল্য) ÷ (১০০ + যে পরিমাণ পণ্য কম হয়েছে)

উদাহরণঃ চিনির মূল্য ৬% বেড়ে যাওয়ায় ১০৬০ টাকায় পূর্বে যত কেজি চিনি কেনা যেত এখন তার চেয়ে ৩ কেজি চিনি কম কেনা যায়! চিনির বর্তমান দর কেজি প্রতি কত?

সমাধানঃ দ্রব্যের বর্তমান মূল্য =  $(6 \times 1060) \div (100 \times 3) = 21.20$  টাকা

#### সূত্রঃ ৫

দ্রব্যমূল্যের শতকরা হার হ্রাস পাওয়ায়

দ্রব্যের\_বর্তমান\_মূল্য = (হ্রাসকৃত মূল্যেহার X মোট মূল্য) ÷ (১০০ + যে পরিমাণ পণ্য বেশি হয়েছে)

উদাহরণঃ চালের মূল্য ১২% কমে যাওয়ায় ৬,০০০টাকায় পূর্বাপেক্ষা ১ কুইন্টাল চাল বেশি পাওয়া যায়। ১ কুইন্টাল চালের দাম কত?

সমাধানঃ দ্রব্যের বর্তমান মূল্য =  $(12 \times 6000) \div (100 \times 1)$

= ৭২০ টাকা(উঃ)

#### সূত্রঃ ৬

মূল্য বা ব্যবহার হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে

হ্রাসের\_হার = (বৃদ্ধির হার X হ্রাসের হার) ÷ ১০০

উদাহরণঃ চিনির মূল্য ২০% কমলো কিন্তু চিনির ব্যবহার ২০% বেড়ে গেল এতে চিনি বাবদ ব্যয় শতকরা কত বাঢ়বে বা কমবে?

সমাধানঃ হ্রাসের হার =  $(20 \times 20) \div 100$

= ৪% (উঃ)

## গণিতের বেসিক by মাহবুব অর রশিদ

গণিতের বেসিক থেকে কিছু প্রশ্ন প্রায় সব চাকরির পরীক্ষায় থাকে। তাই যারা গণিত নিয়ে খুব চিন্তায় থাকেন তারা এই বিষয়গুলো ভালো করে লক্ষ্য রাখুন।

১. একটি পঞ্চভুজের সমষ্টি?

— ৬ সমকোণ

২. একটি সুষম ষড়ভুজের অন্তর্কোণগুলোর সমষ্টি

— ৭২০ ডিগ্রি

৩. বৃত্তের ব্যাস তিনগুন বৃদ্ধি পেলে ক্ষেত্রফল বৃদ্ধি পায়

— ৯গুণ

৪. কোন ত্রিভুজের বাহুগুলোর লম্বাদ্বিখন্দ যে বিন্দুতে ছেদ করে তাকে বলে

— অন্তর্কেন্দ্র

৫. স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ—

— ৯০ ডিগ্রী

১. তিন কোণ দেওয়া থাকলে যে সকল ত্রিভুজ আঁকা যায় তাদের বলে

— সদৃশ ত্রিভুজ

২. ত্রিভুজের যে কোনো বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের সমষ্টি

— দুই সমকোণ অপেক্ষা বৃহত্তম

৩. কোন ত্রিভুজের একটি বাহু উভয় দিকে বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ কোণগুলি সমান হলে, ত্রিভুজটি

— সমদ্বিবাহু

৪. ২৫০ ডিগ্রি কোণকে কী কোণ বলে ?

— প্রবৃদ্ধি কোণ

৫. একটি সরলরেখার সাথে আর একটি রেখাংশ মিলিত হয়ে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি

— ১৮০ ডিগ্রি

১. একটি পঞ্চভুজের সমষ্টি?

- ৬ সমকোণ

২. একটি সুষম ষড়ভুজের অন্তর্কোণগুলোর সমষ্টি

- ৭২০ ডিগ্রি

৩. বৃত্তের ব্যাস তিনগুন বৃদ্ধি পেলে ক্ষেত্রফল বৃদ্ধি পায়

- ৯গুন

৪. কোন ত্রিভুজের বাহুগুলোর লম্বাদ্বিখন্দ যে বিন্দুতে

ছেদ করে তাকে বলে

- অন্তর্কেন্দ্র

৫. স্পর্শবিলুপ্তামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত

কোণ-

- ৯০ ডিগ্রী

১। জ্যা' শব্দের অর্থ কি?

=ভূমি

২। দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে

একটিকে অপরটির কি বলে?

=সম্পূরক কোণ

৩। একটি সরলরেখার সাথে অপর একটি রেখাংশ

মিলিত যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয়, তাদের সমষ্টি

হবে = দুই সমকোণ ( $180^{\circ}$ )

৪।  $=65^{\circ}$

৫। দুটি পূরক কোণের সমষ্টি কত?

= $90^{\circ}$

৬। সম্পূরক কোণের মান কত?

= $180^{\circ}$

১. কোন ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ  
কোণ তিনটির সমষ্টি  
– ৩৬০ ডিগ্রী

২. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩,৮  
সেমি হলে, অতিভুজের মান কত?  
– ৫ সে.মি

৩. সামন্তরিকের বিপরীত কোণের অন্তর্দ্বিখন্ডকদ্বয়  
– পরম্পর সমান্তরাল

৪. একটি বর্গক্ষেত্রের এক বাহু অপর একটি বর্গক্ষেত্রের  
পরিসীমার সমান হলে, বর্গক্ষেত্র দুটির কর্ণের অনুপাত কত?  
– ৪:১

৫. রম্পসের কর্ণদ্বয় পরম্পরকে সমকোণে সমদ্বিকণ্ঠিত করলে  
তাদের অন্তর্ভুক্ত কোণ  
– ৯০ ডিগ্রী

### বৃত্ত সম্পর্কিত তথ্য

※ পূর্ণ বক্ররেখার দৈর্ঘ্য কে বলা হয়?  
=পরিধি

※ বৃত্তের পরিধির সূত্র  
=  $2\pi r$

※ পরিধির যেকোন অংশকে বলা হয়  
=চাপ

※ পরিধির যেকোন দুই বিন্দুর সংযোগ সরলরেখাকে বলা হয়  
=জ্যা (বৃত্তের ব্যাস হচ্ছে বৃত্তের বৃহত্তম জ্যা)

※ বৃত্তের কেন্দ্রগামী সকল জ্যা-ই  
=ব্যাস

※ কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত দূরত্বকে বলা হয়  
=ব্যাসার্ধ

## বৃত্ত সম্পর্কিত কিছু ধারণা:

※ একই সরলরেখায় অবস্থিত তিনটি বিল্দুর মধ্য দিয়ে  
কোন বৃত্ত আকা ঘায়না।

※ দুটি নির্দিষ্ট বিল্দু দিয়ে ৩টি বৃত্ত আকা ঘায়।

※ একটি বৃত্তের যেকোন দুটি বিল্দুর সংযোজক রেখাকে  
জ্যা বলা হয়।

※ বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাতকে  $\pi$  বলে।

※ বৃত্তের কেন্দ্র থেকে কোন বিল্দুর দুরত্বকে ওই বৃত্তের  
ব্যাসার্ধ বলে।

※ বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী।

※ বৃত্তের দুটি জ্যায়ের মধ্যে কেন্দ্রের নিকটতম জ্যাটি  
অপর জ্যা অপেক্ষা বড়।

※ বৃত্তের ব্যাসই বৃত্তের বৃহত্তম জ্যা।

※ বৃত্তের যে কোন জ্যা এর লম্বান্তিখণ্ডক কেন্দ্রগামী।

※ কোন বৃত্তের ৩টি সমান জ্যা একই বিল্দুতে ছেদ করলে  
ওই বিল্দুটি বৃত্তের কেন্দ্রে অবস্থিত হবে।

※ অর্ধবৃত্তস্থ কোন এক সমকোণ।

## বৃত্ত সম্পর্কিত কিছু সূত্র:

» বৃত্তের ক্ষেত্রের ক্ষেত্রফল =  $\pi r^2$  ( যেখানে  $r$  বৃত্তের  
ব্যাসার্ধ)

» গোলকের পৃষ্ঠের ক্ষেত্রফল =  $4\pi r^2$

» গোলকের আয়তন =  $4/3(\pi r^3)$

১। সর্বপ্রথম সেট তত্ত্বের ধারণা দেন =জর্জ ক্যান্টর

২। ডেনচিত্র কে আবিষ্কার করেন =জনডেন

৩। একক সেটের উপাদান সংখ্যা =১টি

৪। সেটকে প্রকাশ করার কয়টি পদ্ধতি আছে =২টি

৫। " দ্বারা কি বোঝায় =যেন

গণিতের Father:

১. সংখ্যাতত্ত্ব-- পিথাগোরাস

২. জ্যামিতি—ইউক্লিড

৩. ক্যালকুলাস -- নিউটন

৪. ম্যাট্রিক্স --- কেইসে

৫. ত্রিকোণমিতি— হিপ্পারচাস

৬. পাটিগণিত— আর্ভট্র

৭. বীজগণিত --- মুসা আল খারিজমী

৮. লগারিদম—জন নেপিয়ার

৯. সেটতত্ত্ব---জর্জ ক্যান্টর

১০. আলগরিদম---ব্রহ্মগুপ্ত

১১. শূন্যে আবিষ্কারক --ব্রহ্মগুপ্ত ও আর্ভট্র

## ত্রিকোনোমিতি by মাহবুব অর রশিদ

মাত্র ৫টি টেকনিকেই ত্রিকোনোমিতির সব অংক

সুত্র : ১ শীর্ষবিন্দুর উন্নতি কোন  $30^{\circ}$ হলে উচ্চতা নির্ণয়ের ক্ষেত্রে টেকনিক মনেরাখুন  
উচ্চতা= [পাদদেশ হতে দুরত্ব $\div \sqrt{3}$ ]

উদাহরণ : একটি মিনাররের পাদদেশ হতে 20 মিটার দূরের ১টি স্থান হতে মিনারটির  
শীর্ষবিন্দুর উন্নতি কোন  $30^{\circ}$  হলে মিনারের উচ্চতা কত?

সমাধানঃ উচ্চতা = [পাদদেশ হতে দুরত্ব $\div \sqrt{3}$ ]  
 $=20/\sqrt{3}$ (উঃ)

সুত্র ২ : শীর্ষ বিন্দুর উন্নতি কোন 60 হলে উচ্চতা নির্ণয়ের ক্ষেত্রে টেকনিক মনেরাখুন  
উচ্চতা=[পাদদেশ হতে দুরত্ব  $\times \sqrt{3}$ ]

উদাহরণঃ একটি তাল গাছের পাদবিন্দু হতে 10 মিটার দূরবর্তী স্থান থেকে গাছের শীর্ষের  
উন্নতি কোন  $60^{\circ}$  হলে গাছটির উচ্চতা নির্ণয় করুন?

অথবাঃ সুর্যের উন্নতি কোন  $60^{\circ}$  হলে একটি গাছের ছায়ার দৈর্ঘ্য 10 মিটার হয়।  
গাছটির উচ্চতা কত?

সমাধান : উচ্চতা=[পাদদেশ হতে দুরত্ব  $\times \sqrt{3}$ ]

$=10\sqrt{3}=17.13$ (উঃ)

(মুখ্য রাখুন  $\sqrt{3}=1.73205$ )

(শুধু মনে রাখুন  $30^{\circ}$  হলে ভাগ এবং  $60^{\circ}$  হলে গুন হবে)

সুত্র ৩ : সম্পূর্ণ ভাবে বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30 কোণ উৎপন্ন হলে ভূমি হতে ভাঙ্গা  
অংশের উচ্চতা নির্ণয়ের ক্ষেত্রে-কত উচুতে ভেংগেছিলো=(খুটির মোট দৈর্ঘ্য  $\div 3$ )

উদাহরণ : একটি 48 মিটার লম্বা খুটি ভেংগে গিয়ে সম্পূর্ণ ভাবে বিচ্ছিন্ন না হয়ে ভূমির  
সাথে 30 কোণ উৎপন্ন করে। খুটিটি কত উচুতে ভেঙেছিলো ?

সমাধান :

কত উচুতে ভেঙেছিলো =(খুটির মোট দৈর্ঘ্য  $\div 3$ ) $=48\div 3=16$ (উঃ)

**সুত্র 4:** সম্পূর্ণ ভাবে বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30 কোন উৎপন্ন হলে ভূমি হতে  
ভাঁগা অংশের উচ্চতা নির্ণ্যয়ের ক্ষেত্রে- শর্ট\_টেকনিক : কতউচুতে  
$$\text{ভেংগেছিলো} = (\text{খুটির মোট দৈর্ঘ্য} \div 3)$$

**উদাহরণ:** 18ফুট উচু একটি খুটি এমন ভাবে ভেংগে গেলো যে ভাঁগা অংশটি  
বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30 কোনে স্পর্শ করলো। খুটিটি মাটি থেকে কতফুট  
উচুতে ভেংগে গিয়েছিলো?

**সমাধান:** কত উচুতে ভেংগেছিলো=  $(\text{খুটির মোট দৈর্ঘ্য} \div 3)$   
 $= (18 \div 3) = 6$ ফুট (উঃ)

**সুত্রঃ 5** যখন মই দেয়ালের সাথে হেলান দিয়ে লাগানো থাকে তখন-  
শর্ট\_টেকনিকঃ  $(\text{মইয়ের উচ্চতা})^2 = (\text{দেয়ালের উচ্চতা})^2 + (\text{দেয়ালের দূরত্ব})^2$

**উদাহরণ:** একটি 50মিটার লম্বা মই খাড়া দেয়ালের সাথে হেলান দিয়ে রাখা  
হয়েছে। মইয়ের একপ্রান্তে মাটি হতে 40মিটার উপরে দেয়ালকে স্পর্শ করে মইয়ের  
অপর প্রান্ত হতে দেয়ালের লম্ব দূরত্ব কত মিটার?

**সমাধান:**

$$(\text{মইয়ের উচ্চতা})^2 = (\text{দেয়ালের উচ্চতা})^2 + (\text{দেয়ালের দূরত্ব})^2$$

বা,  $(\text{দেয়ালের দূরত্ব})^2 = (\text{মইয়ের উচ্চতা})^2 - (\text{দেয়ালের উচ্চতা})^2$

বা, দেয়ালের দূরত্ব=  $\sqrt{(50)^2 - (40)^2}$   
 $= 10$ মিটার (উঃ)

[লক্ষ করুনঃ উপরের এই ৫নেং সুত্রের মাধ্যমেই 'মইয়ের উচ্চতা'  
'দেয়ালের উচ্চতা' ও 'দেয়ালের দূরত্ব' প্রশ্নে যাই বলে সব কয়টি শুধু প্রক্ষান্তর করে  
( প্রশ্নানুযায়ী ডান থেকে বামে সরিয়ে) নির্ণয় করতে পারবেন।]

## ভগ্নাংশ

চারুরীর পরীক্ষার অংক করার আসল মূলমন্ত্র

দ্রুত সমাধান করতে গিয়ে ভুল করা যাবে না, নির্ভুল অংক করতে গিয়ে সময় নষ্ট করা যাবে না।

1. Four fifth of a number is 10 more than two third of the number. The number is ( অর্থাৎ একটি সংখ্যার চার -পঞ্চমাংশ টি সংখ্যাটির দুই - তৃতীয়াংশ থেকে 10 বড়, সংখ্যাটি কত? ) (Janata Bank Officer- 2009 )

- a. 55
- b. 65
- c. 75
- d. 80

সাধারণ সমাধান:

$$\begin{aligned} \text{ধরি সংখ্যাটি } x, \\ \# \text{প্রশ্নমতে}, \\ 4x/5 - 2x/3 = 10 \\ \text{বা, } 12x - 10x / 15 = 10 \\ \text{বা, } 2x/15 = 10 \\ \text{বা, } 2x = 150 \\ \text{সুতরাং } x = 150/2 = 75 \text{ অতএব সংখ্যাটি } = 75 \\ \text{উত্তর: } 75 \end{aligned}$$

(সাধারণ বইয়ের ফর্মাল স্টাইলে অংক করতে করতে আমরা মাঝের সময়টুকু নিয়ে ভাবিই না যে শুধু উত্তর বের হলে চলবে না বরং সময় ও কম লাগাতে হবে।) উপরের অংকটিই 5 সেকেন্ডে করা সম্ভব, খাতা কলম ছাড়া শুধু অপশন নিয়ে একটু ভাবলে.....

প্রশ্নটি আবার পড়ুন:

একটি সংখ্যার চার -পঞ্চমাংশ টি সংখ্যাটির দুই - তৃতীয়াংশ থেকে 10 বড়, সংখ্যাটি কত? )

- a. 55
- b. 65
- c. 75
- d. 80

ব্যাখ্যা: চার -পঞ্চমাংশ অর্থাৎ একটি সংখ্যার 5 ভাগের চার ভাগ এবং দুই - তৃতীয়াংশ অর্থ টি সংখ্যাটির তিনভাগের দু ভাগ তাহলে সেই অজানা সংখ্যাটিকে অবশ্যই 5 এবং 3 দ্বারা ভাগ করা যাবে

প্রদত্ত অপশনে শুধু 75 কে 5 এবং 3 উভয় দ্বারা ভাগ করা যায়। তাই উত্তর: 75। (ভগ্নাংশ অধ্যায়ের ব্যাসিক ধারণা বুঝে বুঝে করলে এগুলো পানি পানি লাগবেই)

( সংখ্যার উপর খুব ভালো ধারণা থাকলে কোন কোন ভাবে সবগুলোকেই সাইজ করা যাবে। কিন্তু সবাই আগে ..... না বোঝার (শর্টকাট)পেছনেই দৌড়ায়!!!!!! তাহলে হবে কেমনে!!!!!! )

( আবার না বুঝে দ্রুত করতে গেলে তো ভুল হওয়াই স্বাভাবিক)

আরো দু চারটি দেখে নিন:

2. A number is doubled and 9 is added. If the resultant is trebled, it becomes 75. What is the number? (একটি সংখ্যার দুই গুনের সাথে ৯ যোগ করা হল, এবং ফলাফলটিকে তিনগুন করলে ৭৫ হয়। সংখ্যাটি কত) [Rupali Bank Ltd. Senior Officer 2013]

- a. 3.5
- b. 6
- c. 8
- d. None of these

ব্যাখ্যা সহ সমাধান:

উল্লেখ থেকে আসতে হবে, ৩গুণ করে যদি ৭৫ হয় তাহলে ৩গুণ করার আগে অবশ্যই ২৫ ছিল, আবার ৯ যোগ করে ২৫ হয়েছে তাহলে আগে ছিল  $25 - 9 = 16$ । আবার প্রথমে ২গুণ করে ১৬ হয়েছে তাহলে গুণ করার আগে কত ছিল? অবশ্যই ৮। এখন এর আগে আর কোন কিছু বলা নেই। তাই ৮ ই উত্তর।

নিজে চেষ্টা করুন: ( শুধু সমাধান নয়, বরং খুব দ্রুত মুখে মুখে করতে হবে)

3. The difference of two number is 11 and one-fifth of their sum is 9 Find the numbers? (দুটি সংখ্যার পার্থক্য ১১ এবং তাদের যোগফলের এক পঞ্চমাংশ ৯, সংখ্যা দুটি বের করুন) [BB Ass: Dire:-2014]

- a. 28 and 17
- b. 28 and 18
- c. 28 and 19
- d. None of these

## বর্গমূল বের করা

মাত্র ১০ সেকেন্ডে ক্যালকুলেটর ছাড়া কীভাবে যে কোনো সংখ্যার বর্গমূল বের করা সম্ভব? বুদ্ধি খাটালে আসলে যে কোনো কিছুই সম্ভব।

চলুন তাহলে শিখে ফেলি, বর্গমূল বের করার চমৎকার একটি ট্রিক। প্রথমে একটি ৩ অঙ্কের সংখ্যার কথা চিন্তা করি। ধরি, ৫৭৬ সংখ্যাটির বর্গমূল বের করতে হবে। ক্যালকুলেটর ছাড়া দ্রুত বের করা সম্ভব নাকি? মনে হয় না। এবার একটু বুদ্ধি খাটিয়ে “সম্ভব না” কে “সম্ভব” বানিয়ে ফেলতে হবে।

বর্গমূল বের করার এই ট্রিক খাটানোর জন্য শুরুতেই আমাদের ছোট সংখ্যাগুলোর বর্গের একটা লিস্ট বানিয়ে ফেলতে হবে। লিস্টটি এরকমঃ

১২ = ০১

২২ = ০৪

৩২ = ০৯

৪২ = ১৬

৫২ = ২৫

৬২ = ৩৬

৭২ = ৪৯

৮২ = ৬৪

৯২ = ৮১

খেয়াল করলে দেখা যাবে, প্রতিটা সংখ্যার বর্গের শেষ অঙ্কটি গাঢ় রঙে লেখা আছে। কারণ শেষ অঙ্কটিই আমাদের ট্রিকের বেলায় কাজে লাগবে।

এবার, ৫৭৬ এর বর্গমূল বের করতে করতেই আমরা শিখে ফেলবো ক্যালকুলেটর ছাড়াই কিভাবে দ্রুত বর্গমূল বের করা যায়।

১) প্রথমে আমাদের প্রশ্নতে দেয়া সংখ্যার শেষ অঙ্কটি নিয়ে কাজ করতে হবে। ৫৭৬ এর শেষ অঙ্কটা ৬; এবার ৬ অঙ্কটি আমাদের প্রথম লিস্টের কোন কোন সংখ্যার বর্গে আছে, তা খুঁজে বের করি।

১২ = ০১

২২ = ০৪

৩২ = ০৯

৪২ = ১৬

৫২ = ২৫

৬২ = ৩৬

৭২ = ৪৯

৮২ = ৬৪

৯২ = ৮১

খেয়াল করলে দেখা যাবে, প্রতিটা সংখ্যার বর্গের শেষ অঙ্কটি গাঢ় রঙে লেখা আছে। কারণ শেষ অঙ্কটিই আমাদের ট্রিকের বেলায় কাজে লাগবে।

এবার, ৫৭৬ এর বর্গমূল বের করতে করতেই আমরা শিখে ফেলবো ক্যালকুলেটর ছাড়াই কিভাবে দ্রুত বর্গমূল বের করা যায়।

১) প্রথমে আমাদের প্রশ্নতে দেয়া সংখ্যার শেষ অঙ্কটি নিয়ে কাজ করতে হবে। ৫৭৬ এর শেষ অঙ্কটা ৬; এবার ৬ অঙ্কটি আমাদের প্রথম লিস্টের কোন কোন সংখ্যার বর্গে আছে, তা খুঁজে বের করি।

১২ = ০১

২২ = ০৪

৩২ = ০৯

৪২ = ১৬

৫২ = ২৫

৬২ = ৩৬

৭২ = ৪৯

৮২ = ৬৪

৯২ = ৮১

লিস্টে ৬ আছে দুইটি বর্গেঃ ১৬ আর ৩৬ এ। এদের বর্গমূল যথাক্রমে ৪ এবং ৬ তাই আমাদের ফলাফল এর শেষ অঙ্কটা হবে ৪ অথবা ৬; কোনটি হবে, সেটা আমরা পরের ধাপে বের করবো।

২) এবার আমাদের প্রশ্নের সংখ্যাটির শেষ দুটি অঙ্ক কেটে দিতে হবে। এগুলোর কাজ শেষ। এখন শুধু প্রথম অঙ্ক নিয়ে কাজ। ৫৭৬ এর শেষ দুটো অঙ্ক কেটে দিই। শুধু ৫ দিয়ে কাজ করি।

আমাদের প্রথম লিস্টের কোন বর্গটি ৫ এর চেয়ে ছোট, সেটির দিকে তাকাই।

১২ = ০১

২২ = ০৪

৩২ = ০৯

দেখা যাচ্ছে, ০৪ ই ৫ এর চেয়ে ছোট, কেননা এর পরের ধাপে ০৯ আছে, যা ৫ এর চেয়ে বড়, ওটা নেয়া যাবে না।

তাই ০৪ এর বর্গমূল ২ নিই। এটিই আমাদের ফলাফলের প্রথম অঙ্ক।

৩) তাহলে আমাদের ফলাফল হবে ২৪ অথবা ২৬; শেষে ৪ হবে নাকি ৬ হবে, তা কিন্তু আমরা এখনো জানি না। তাহলে জেনে নিই, শেষে কী হবে।

৪) আমাদের ফলাফলের শেষের অঙ্কটি ছোটটি হবে (৪) নাকি বড়টি হবে (৬), এটি জানার জন্য আমাদের ফলাফলের প্রথম অঙ্কের অর্থাৎ ২ এর সাথে এর ক্রমিক সংখ্যাটিকে গুণ করতে হবে। এবং গুণফলের সাথে প্রশ্নের সংখ্যাটির প্রথম অঙ্কটি তুলনা করতে হবে।

প্রশ্নের প্রথম অঙ্ক গুণফলের চেয়ে ছোট হলে, শেষের অঙ্কটা ও ছোটটিই হবে আর প্রশ্নের প্রথম অঙ্ক গুণফলের চেয়ে বড় হলে বড়টিই হবে ফলাফলের শেষ অঙ্ক।

এখন, ২ এর পরের ক্রমিক সংখ্যা কত? ৩; তাহলে  $2 \times 3 = 6$ ; এই ৬ এর চেয়ে আমাদের প্রশ্নের প্রথম অঙ্ক ৫ ছোট। তাই ফলাফলের শেষ অঙ্ক হবে ৪ এবং ৬ এর মধ্যে ছোটটিই। অর্থাৎ, ৪; তাই ফলাফল ২৪

এতদুর পড়ে হয়তো মনে হচ্ছে, কাজটা খুব কঠিন। কিন্তু কাজটা আসলেও কঠিন না। কয়েকবার প্রাক্টিস করলেই সহজ লাগবে।

এবার একটা চার অঙ্কের সংখ্যা নিই। ধরি, ১৮৪৯ এর বর্গমূল বের করতে হবে।

১) শেষ অঙ্কটি নিয়ে কাজ করি। শেষ অঙ্ক ৯; লিস্টের কোন কোন সংখ্যার বর্গে ৯ আছে?

$$3^2 = 09$$

$$7^2 = 49$$

তাই আমাদের ফলাফল এর শেষ অঙ্ক হবে ৩ অথবা ৭;

২) এখন ১৮৪৯ এর শেষ দুটো অঙ্ক কেটে দিই। শুধু প্রথম দুটি অঙ্ক থাকে: ১৮; এই ১৮ নিয়ে কাজ করতে হবে।

১৮ এর চেয়ে ছোট কোন বর্গসংখ্যাটি আছে লিস্টে, একটু দেখিঃ

$$1^2 = 01$$

$$2^2 = 04$$

$$3^2 = 09$$

$$4^2 = 16$$

$$5^2 = 25$$

২৫ যেহেতু ১৮ এর চেয়ে বড় এবং ১৬ ছোট। তাই ১৬ এর বর্গমূল ৪ নিই। এই ৪ আমাদের ফলাফলের প্রথম অঙ্ক।

৩) তাহলে আমাদের ফলাফল ৪৩ অথবা ৪৭; কোনটা নিবো?

প্রথম অঙ্ক ৪, এর ক্রমিক সংখ্যা ৫; গুণ করে পাইঃ  $4 \times 5 = 20$

প্রশ্নের প্রথম দুই অঙ্ক ১৮ কিন্তু ২০ এর চেয়ে ছোট। তাই শেষ অঙ্কটিও নিবো ছোট। অর্থাৎ, ৩ এবং ৭ এর মধ্যে ছোট ৩; তাই ফলাফল ৪৩

এভাবে যে কোনো সংখ্যার (যার বর্গমূল একটি পূর্ণসংখ্যা) বর্গমূল বের করা সম্ভব।

আশা করি দাটটি উদাহরণের মাধ্যমে বুঝাতে সহজ হলো। এবার ১০১৯ এবং ৩৩৬৯ সংখ্যা দটির বর্গমূল মাখ মাখ এটি

## 11 থেকে 99 পর্যন্ত বর্গ করার কৌশল

সূত্র:-  $(xy)^2=abc$  [যেখানে, b, c একটি করে সংখ্যা & a এক বা একাধিক সংখ্যা হতে পারে] এবং

$$a=x^2$$

$$b=2xy$$

$$c=y^2$$

এবার 11 & 25 বর্গ করি।

$$(11)^2=(1^2)(2.1.1)(1^2)$$

$$=(1)(2)(1)$$

$$=121$$

আবার

$$(25)^2=(2^2)(2.2.5)(5^2)$$

$$=(4)(20)(25)$$

$$=(4)(20+2)5$$

$$=(4)(22)5$$

$$=(4+2)25$$

$$=625$$

## লাভ-ক্ষতি

নিচের টপিকস থেকে পিএসসির বিভিন্ন নিয়োগ পরীক্ষায় প্রশ্ন আসে।

টপিকস : লাভ -ক্ষতি

আইটেম -১

একটি দ্রব্য নির্দিষ্ট % লাভ/ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ..... টাকা বেশি হলে % লাভ/ক্ষতি হয়। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে।

উদাঃ একটি মোবাইল ১০ % ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হত। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে।

টেকনিক :

ক্রয়মূল্য =  $\{100 \times \text{যত বেশি থাকবে}\} / \text{উল্লেখিত শতকরা হারদুটির যোগফল}$

অঙ্কটির সমাধান:

$$\begin{aligned}\text{ক্রয়মূল্য} &= \{100 \times 85\} / \{10 + 5\} \\ &= 8500 / 15 \\ &= 3000 \text{ (উত্তর)}\end{aligned}$$

নিজে নিজে করুন

১। একটি কলম ১০ % ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ৩০ টাকা বেশি হলে ৫% লাভ হত। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে। (২০০)

২। একটি কম্পিউটার ২০ % ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ১৫০০ টাকা বেশি হলে ৫% লাভ হত। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে। (৬০০০)

আইটেম :-২

-কোন দ্রব্যের মূল্য নির্দিষ্ট ৫% কমে যাওয়ায় দ্রব্যটি  
৬০০০ টাকা পূর্ব অপেক্ষা ১ কুইন্টাল বেশি পাওয়া যায়।  
১ কুইন্টাল এর বর্তমান মূল্য কত?

টেকনিক :

বর্তমান মূল্য:  $(শতকরা হার/100) \times \{যে টাকা দেওয়া থাকবে/ কম-বেশি সংখ্যার পরিমাণ\} \times যত পরিমাণের মূল্য বাহির করতে বলা হবে।$

উদাহরণটির সমাধান:

$$\begin{aligned}\text{বর্তমান মূল্য} &= (৫/100) \times (৬০০০/১) \times ১ \\ &= ৩০০ \text{ টাকা। (উত্তর)}\end{aligned}$$

নিজে করুন:

৩। কোন দ্রব্যের মূল্য নির্দিষ্ট ৩০% কমে যাওয়ায় দ্রব্যটি  
৬০০০ টাকায় পূর্ব অপেক্ষা ৬ কুইন্টাল বেশি পাওয়া  
যায়। ১ কুইন্টাল এর বর্তমান মূল্য কত? (উত্তর:  
৩০০০০ টাকা)

৪। কলার মূল্য নির্দিষ্ট ২৫% কমে যাওয়ায় দ্রব্যটি ১০০  
টাকায় পূর্ব অপেক্ষা ২৫ টি বেশি

## বর্গের পার্থক্য

বর্গের সর্বমোট ৪টি সূত্র আছে:

সূত্রঃ বর্গের অন্তর বা পার্থক্য দেওয়া থাকলে, বড় সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-  
টেকনিকঃ  $\text{বড় সংখ্যা} = (\text{বর্গের অন্তর} + 1) \div 2$

প্রশ্নঃ দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর যদি 47 হয় তবে বড় সংখ্যাটি কত?

সমাধানঃ  $\text{বড় সংখ্যা} = (47 + 1) \div 2 = 24$

সূত্রঃ দুইটি বর্গের অন্তর বা প্রার্থক্য দেওয়া থাকলে, ছোট সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ  $\text{ছোট সংখ্যাটি} = (\text{বর্গের অন্তর} - 1) \div 2$

প্রশ্নঃ দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 33। ক্ষুদ্রতম সংখ্যাটি কত হবে?

সমাধানঃ  $\text{ছোট সংখ্যাটি} = (33 - 1) \div 2 = 16$ (উঃ)

সূত্রঃ যত বড়....তত ছোট / তত ছোট....যত বড় উল্লেখ থাকলে সংখ্যা নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ  $\text{সংখ্যাটি} = (\text{প্রদত্ত সংখ্যা দুটির যোগফল}) \div 2$

প্রশ্নঃ একটি সংখ্যা 742 থেকে যত বড় 830 থেকে তত ছোট। সংখ্যাটি কত?

সমাধানঃ  $\text{সংখ্যাটি} = (742 + 830) \div 2 = 786$ (উঃ)

সূত্রঃ দুইটি সংখ্যার গুনফল এবং একটি সংখ্যা দেওয়া থাকলে অপর সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ  $\text{সংখ্যা} = \text{দুটির গুনফল} \div \text{একটি সংখ্যা}$

প্রশ্নঃ 2টি সংখ্যার গুনফল 2304 একটি সংখ্যা 96 হলে অপর সংখ্যাটি কত?

সমাধানঃ  $\text{অপর সংখ্যাটি} = (2304 \div 96) = 24$ (উঃ)

# Interest

1 . A man deposits TK.1000 in a bank at 8% interest rate compounded annually. At the end of the 3rd year, what will be the total amount including interest ?

Solution :

$$\text{we know, } C = P \cdot (1+r)^n \\ = 1000 \times (1+0.08)^3 = 1259.712$$

2. If TK.1000 is invested in an account paying 10% compounded annually, how much would be the nearest ending balance at the end of 3 years?

Solution:

$$C = P \times (1+10/100)^3 = 1331.$$

3. A person wishes to accumulate Tk. 500000 by the end of 15 years by making equal half-yearly deposits over the next 15 years. If he earns 10% on the investment, how much must he deposit at the end of each half-year?

Solution :

$$FV = A \times \{(1+i)^n - 1\} / i \\ > 500000 = A \times \{(1+0.05)^{30} - 1\} / 0.05 \\ > A = 500000 / 66.44 \\ > A = 7525.59$$

4. How much interest will Tk. 10000 earn in 9 months at an annual rate of 6%.

Solution:

The interest in 12 months is  
tk.  $10000 \times 6/100$   
 $= tk. 600$   
So , interest in 1 month is tk.  $600/12 = tk. 50$   
And interest in 9 months is tk.  $90 \times 50 = tk. 450$

5. What annual rate was paid if Tk. 50000 earned Tk. 3000 in interest in two years?

Solution:

Solution : In 2 year tk. 50000 earned in tk. 3000 So In 1 year tk 100 earned in tk.  
 $3000 \times 100 / (50000 \times 2) = \text{tk. } 3$ .

6. A sum of money at simple interest amounts to Rs. 815 in 3 years and to Rs. 854 in 4 years. The sum is:

Explanation:

S.I. for 1 year = Rs.  $(854 - 815) = \text{Rs. } 39$ .

S.I. for 3 years = Rs.  $(39 \times 3) = \text{Rs. } 117$ .

Principal = Rs.  $(815 - 117) = \text{Rs. } 698$ .

7. A man took loan from a bank at the rate of 12% p.a. simple interest. After 3 years he had to pay Rs. 5400 interest only for the period. The principal amount borrowed by him was:

Explanation:

Principal = Rs.  $(100 \times 5400) / 12 \times 3 = \text{Rs. } 15000$ .

8. How much time will it take for an amount of Rs. 450 to yield Rs. 81 as interest at 4.5% per annum of simple interest?

Explanation:

Time =  $(100 \times 81) / 450 \times 4.5 = 4$  years.

9. A sum of Rs. 12,500 amounts to Rs. 15,500 in 4 years at the rate of simple interest. What is the rate of interest?

Explanation:

S.I. = Rs.  $(15500 - 12500) = \text{Rs. } 3000$ .

Rate =  $(100 \times 3000 \%)/12500 \times 4 = 6\%$

10. A certain amount earns simple interest of Rs. 1750 after 7 years. Had the interest been 2% more, how much more interest would it have earned?

Explanation:

We need to know the S.I., principal and time to find the rate. Since the principal is not given, so data is inadequate.

## ভগ্নাংশে রূপান্তর By MyMahbub.Com

১) তিনটি ধনাত্মক পূর্ণ সংখ্যার গুনফল ৯। সংখ্যাত্রয়ের সমষ্টির তিনগুণ কত?  
উত্তর- ২১

২)  $0.05 \times 0.008 = ?$   
উত্তর- ০.০০০৪

৩) একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড়, ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?  
উত্তর- ৭৩৫

৪)  $0.12 \times 0.12 = ?$  কত?  
উত্তর- ০.০১৪৪

৫)  $0.3 \times ৩০ \div ১০ = ?$  কত  
উত্তর- ০.৯

৬) দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ৯৩ হলে সংখ্যা দুটি কত ?  
উত্তর- ৪৬, ৪৭

৭) একটি সংখ্যা ৯৯৯ থেকে যত ছোট ৭৯৭ থেকে তত বড়। সংখ্যাটি কত ?  
উত্তর- ৮৯৮

৮)  $0.26^{\circ}$  কে ভগ্নাংশে রূপান্তর করুন। ( ${}^{\circ}=\frac{\pi}{180}$  পৌনপুনিক)  
উত্তর- 24/90

৯) একটি খুঁটির অর্ধেক মাটির নিচে, এক তৃতীয়াংশ পানির মধ্যে ও ১২ ফুট  
পানির ওপরে আছে। খুঁটির দৈর্ঘ্য কত?  
উত্তর- ৭২.

১০)  $\frac{3}{5}, \frac{2}{5}, \frac{1}{6}, \frac{5}{8}$  ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বড় ? উত্তর-  $\frac{5}{8}$

## সংখ্যা নির্ণয়

টাইপ-১

এমন একটি সংখ্যা নির্ণয় করতে হবে যা একটি সংখ্যা হতে যত বড় আপর একটি সংখ্যা হতে তত ছোট। (৩০তম বিসিএস) অর্থাত্ দুটি সংখ্যা দেওয়া থাকবে আপর একটি সংখ্যা নির্ণয় করতে হবে।

টেকনিক:

$$\text{নির্ণেয় সংখ্যাটি} = (\text{১ম সংখ্যা} + \text{২য় সংখ্যা})/2$$

উদা: একটি সংখ্যা ৩০১ হতে যত বড় ৩৮১ থেকে তত ছোট। সংখ্যাটি কত?

$$\text{উত্তর: সংখ্যাটি} = (301+381)/2$$

$$= 341$$

টাইপ-২

দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর দেওয়া থাকবে সংখ্যা দুইটি নির্ণয় করতে হবে। (২৬ তম বিসিএস)

টেকনিক:

$$\text{ছোট সংখ্যা} = (\text{বর্গের অন্তর}-1)/2$$

$$\text{বড় সংখ্যা} = \text{ছোট সংখ্যা} + 1$$

উদা: দুটি ক্রমিক পূর্ণসংখ্যা নির্ণয় করুন, যাদের বর্গের অন্তর ৪৭।

উত্তর:

$$\text{ছোট সংখ্যা} = (47-1)/2 = 23$$

$$\text{বড় সংখ্যা} = 23+1 = 24$$

উত্তর: সংখ্যা দুইটি ২৩, ২৪

টাইপ-৩

কোন লঘিষ্ঠ বা ক্ষুদ্রতম সংখ্যার সাথে আরেকটি সংখ্যা যোগ করলে যোগফল আবার ৩/৪ টি সংখ্যা দ্বারা বিভাজ্য হবে। (২৬তম /৩০তম বিসিএস)

টেকনিক:

নির্ণেয় সংখ্যা = প্রদত্ত সংখ্যা গুলোর ল.সা.গু -- যা যোগ করতে বলা হবে (মনে রাখা ভালো: যা যোগ করতে বলবে তা ল.সা.গু থেকে বিয়োগ করতে হবে)

উদা:

কোন লঘিষ্ঠ বা ক্ষুদ্রতম সংখ্যার সাহে ৩ যোগ করলে ২৪, ৩৬, ৪৮ দ্বারা বিভাজ্য হবে। (২৬তম বিসি.এস)

উত্তর:

$$24, 36, 48 \text{ এর ল.সা.গু} = 144$$

$$\text{নির্ণেয় সংখ্যা} = 144-3=141$$

## গতিবেগ

প্রশ্নঃ এক ব্যক্তি তার বাড়ি থেকে ৮ টায় যাত্রা শুরু করে। ২ কিমি/ঘণ্টায় বেগে হাটল এবং ৪৫ মিনিট দেরীতে অফিসে পৌঁছাল। পরবর্তী দিন সে একই সময়ে যাত্রা শুরু করে ৪ কিমি/ঘণ্টা বেগে হাটল এবং ১৫ মিনিট আগে অফিসে পৌঁছাল। তার বাড়ি থেকে অফিসের দূরত্ব কত?

- (ক) ৬ কিলোমিটার
- (খ) ৪ কিলোমিটার
- (গ) ৯ কিলোমিটার
- (ঘ) ১২ কিলোমিটার
- (ঙ) কোনটিই নয়

শর্টটেকনিক সমাধানঃ

আসুন কীভাবে প্রশ্ন চিনবেন:

১। দুই ধরণের গতিবেগ দেয়া থাকবে ( $S_1, S_2$ )  $\Rightarrow 2\text{ km/h}, 4\text{ km/h}$

২। Early/Late/Longer দেয়া থাকবে  $\Rightarrow$  Late 45 Minutes, Early 15 Minutes।

৩। আপনাকে মধ্যবর্তী দূরত্ব বের করতে হবে  $\Rightarrow D = ?$

Formula:  $(D/S_1 - \text{Late time}) = (D/S_2 + \text{Early time})$

যেমনঃ

$$(D/2 - 45/60) = (D/4 + 15/60)$$

[সময় মিনিটে দেয়া আছে, তাই 60 দিয়ে ভাগ করা হয়েছে]

$$\Rightarrow (D/2 - D/4) = (15/60 + 45/60)$$

$$\Rightarrow \{(2D - D)/4\} = \{(15+45)/60\}$$

$$\Rightarrow D/4 = 60/60$$

$$\Rightarrow D/4 = 1$$

$$\Rightarrow (D*1) = (4*1) \quad [\text{আড়ঙ্গ করে}]$$

$$\text{সুতরাং} - D = 4$$

উত্তরঃ (খ) ৪ কিলোমিটার

## পরিমাপ

পরিমাপের অংকগুলো মাত্র ৪টি টেকনিকে(উদাহরণ সহ)আলোচনা:

সুত্রঃ ১- দৈর্ঘ্যের বৃদ্ধির হার প্রস্তুর হ্রাসের চেয়ে বেশী হলে-

টেকনিকঃ

$$\text{ক্ষেত্রফল বৃদ্ধির হার} = \left[ \frac{\{(100 + \text{বৃদ্ধির হার}) \times (100 - \text{হ্রাসের হার}\}}{100} \right] - 100$$

প্রশ্নঃ একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 20% বাঢ়ালে এবং প্রস্থ 10% কমালে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

সমাধানঃ

$$\begin{aligned} &= \left[ \frac{\{(100 + \text{বৃদ্ধির হার}) \times (100 - \text{হ্রাসের হার}\}}{100} \right] - 100 \\ &= \left[ \frac{\{(100+20) \times (100-10)\}}{100} \right] - 100 \\ &= \left\{ \frac{(120 \times 90)}{100} \right\} - 100 \\ &= (10800 \div 100) - 100 = 108 - 100 \\ &= 8\% \text{ বাঢ়বে(উঃ)} \end{aligned}$$

সুত্রঃ ২- দৈর্ঘ্য বৃদ্ধির হার প্রস্তুর হ্রাসের সমান বা কম হলে-

টেকনিকঃ ক্ষেত্রফল হ্রাস =  $100 - \left[ \frac{\{(100 + \text{বৃদ্ধির হার}) \times (100 - \text{হ্রাসের হার}\}}{100} \right]$

প্রশ্নঃ একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 20% বাঢ়ালে এবং প্রস্থ 20% কমালে তার আয়তন কত?

সমাধানঃ

$$\begin{aligned} &100 - \left[ \frac{\{(100+20) \times (100-20)\}}{100} \right] \\ &= 100 - \left[ \frac{\{(120 \times 80)\}}{100} \right] \\ &= 100 - (960 \div 100) \\ &= 100 - 96 = 4\% \text{ কমবে(উঃ)} \end{aligned}$$

সুত্রঃ ৩- যখন শুধু বৃদ্ধির হারের কথা উল্লেখ থাকে-

টেকনিক-

$$\text{ক্ষেত্রফল বৃদ্ধি} = ((100 + \text{বৃদ্ধির হার}) \div 100)^2 - 100$$

প্রশ্নঃ একটি বৃত্তের ব্যাসার্ধ শতকরা 50% বৃদ্ধি করলে বৃত্তের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

সমাধানঃ

$$\begin{aligned} &= \{(100+50)/10\}^2 - 100 \\ &= \{(150)/(10)\}^2 - 100 \\ &= (15)^2 - 100 \\ &= 225 - 100 = 225 - 100 \\ &= 125\% \text{ (উঃ)} \end{aligned}$$

সুত্রঃ ৪- আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের যতগুণ এবং ক্ষেত্রফল দেয়া থাকলে- ( দৈর্ঘ্য/প্রস্থ/ পরিসীমা ) বের করতে-

$$\text{দৈর্ঘ্য} = \sqrt{(\text{ক্ষেত্রফল} \times \text{দৈর্ঘ্য প্রস্থের যতগুণ})}$$

$$\text{প্রস্থ} = \sqrt{(\text{ক্ষেত্রফল} / \text{দৈর্ঘ্য প্রস্থের যতগুণ})}$$

$$\text{পরিসীমা} = 2(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$$

প্রশ্নঃ একটি আয়তকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা কত?

সমাধানঃ

$$\begin{aligned} * \text{দৈর্ঘ্য} &= \sqrt{\text{ক্ষেত্রফল} \times \text{দৈর্ঘ্য প্রস্থের যতগুণ}} \\ &= \sqrt{(512 \times 2)} = 32 \end{aligned}$$

$$\begin{aligned} * \text{প্রস্থ} &= \sqrt{\text{ক্ষেত্রফল} \times \text{দৈর্ঘ্য প্রস্থের যতগুণ}} \\ &= \sqrt{(512 \div 2)} = 16 \end{aligned}$$

$$\begin{aligned} * \text{পরিসীমা} &= 2(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ}) \\ &= 2 \times (32 + 16) = 2 \times 48 = 96 \text{ (উঃ)} \end{aligned}$$

শুধু মাত্র ১টি সূত্র মনে রাখলেই, মাত্র ১৫-২০ সেকেন্ডের মধ্যেই  
ঘড়ির, ঘন্টা ও মিনিট এর কাটার মধ্যেবর্তী কোনের দূরস্বের নির্ণয়

টেকনিকঃ $(11 \times M - 60 \times H) \div 2$

এখানে

M=মিনিট

H=ঘন্টা

উদাহরণঃ যদি ঘড়িতে ২ টা ৪০ মিনিট হয়, তবে ঘন্টার কাটা ও  
মিনিটের কাটা কত ডিগ্রি কোন উৎপন্ন করে।

সূত্রঃ  $(11 \times M - 60 \times H) \div 2$ , (এখানে M এর স্থানে মিনিট ও H  
এর স্থানে ঘন্টা বসাতে হবে)

সমাধানঃ $(11 \times 40 - 60 \times 2) \div 2$

= 160(ডঃ)

[বিঃদ্রঃযদি কোনের মান  $180^\circ$  অতিক্রম করে(অর্থাৎ  $180^\circ$  চেয়ে  
বেশি হয়)তবে প্রাপ্ত মানকে  $360$  থেকে বিয়োগ করে কোন এর  
মান নির্ণয় করতে হবে]

## পাইপ ও গতিবেগ

### প্রাণী বিষয়ক

নিয়ম-১: একটি বানর ১০ মিটার লম্বা একটি লাঠি বেয়ে উঠতে লাগল। বানরটি যদি ১ মিনিটে ৫০ সে.মি. উঠে এবং পরবর্তী মিনিটে ২৫ সে.মি. নেমে পড়ে তবে লাঠির মাথায় উঠতে কত সময় লাগবে?

উত্তর: এক্ষেত্রে লাঠির দৈর্ঘ্যকে (L), উঠা/নামার সময়কে (t), উপরে উঠার মান (R), নিচে নামার মান (F) এবং উপরে উঠার মোট সময় (T) ধরলে নিম্নের নিয়মে সহজে সমাধান করা যায়-

$$T = \frac{[2L - (R+F)]}{(R-F)} \times t = \frac{[2 \times 10 \times 100 - (50+25)]}{(50-25)} \times 1 = 77 \text{ sec.}$$

### গতিবেগ এবং দূরত্ব

নিয়ম-০১: এক ব্যক্তি ঘন্টায় ৪ কি.মি. বেগে চলে কোন স্থানে গেল এবং ঘন্টায় ৩ কি.মি. বেগে চলে ফিরে আসল। যাতায়াতে তার গড় গতিবেগ কত?

$$\text{উত্তর: গড় গতিবেগ} = \frac{2mn}{(m+n)} = \frac{2 \times 4 \times 3}{(4+3)} = 24/7 \text{ km/hr.}$$

নিয়ম-০২: এক ব্যক্তি ঘন্টায় ৪০ কি.মি. বেগে ২ ঘন্টা এবং ঘন্টায় ৬০ কি.মি. বেগে আরো ২ ঘন্টা গাড়ি চালালেন। তার গাড়ির গতিবেগ কত?

$$\text{উত্তর: গতিবেগ} = \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{সময়}} = \frac{[(40 \times 2) + (60 \times 2)]}{[2+2]} = \frac{200}{4} = 50 \text{ কি.মি./ঘন্টা}$$

## পাইপ এবং চৌবাচ্চা

নিয়ম-০১: সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি নল দিয়ে ২০ মিনিটে সম্পূর্ণ ভর্তি করা যায়। ২য় একটি নল দিয়ে ৩০ মিনিটে সম্পূর্ণ ভর্তি করা যায়। নল দুটি একই সাথে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ হবে?

উত্তর: চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগবে =  $XY/(X+Y) = (20 \times 30)/(20+30) = 600/50 = 12 \text{ min.}$

নিয়ম-০২: একটি চৌবাচ্চার প্রথম নল দিয়ে পূর্ণ হতে সময় লাগে ২০ মিনিট। দ্বিতীয় নল দিয়ে খালি হতে ৩০ মিনিট সময় লাগে। অর্ধ পূর্ণ অবস্থায়, নল দুইটি একই সাথে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি খালি হবে?

উত্তর: চৌবাচ্চাটি খালি হতে সময় লাগবে =  $X(-Y)/(X-Y) = (20 \times -30)/(20-30) = -600/-10 = 60 \text{ min.}$

নিয়ম-০৩: একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ১০, ১২ এবং ১৫ মিনিটে পূর্ণ হতে পারে। তিনটি নল একই সাথে খুলে দিলে চৌবাচ্চাটি কত সময়ে পূর্ণ হবে?

উত্তর: চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগবে =  $XYZ/(XY+YZ+ZX)$   
=  $[(10 \times 12 \times 15)]/[(10 \times 12) + (12 \times 15) + (15 \times 10)]$   
=  $1800/450 = 4 \text{ min.}$

গড়

নিয়ম-০১: ৬, ৮, ১০ এর গাণিতিক গড় ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?

উত্তর: প্রশ্নমতে,  $(6+8+10)/3 = (7+9+\text{k})/3$   
সুতরাং,  $\text{k} = 8$

## নৌকা-শ্রোত

নৌকা\_শ্রোত সংক্রান্ত অংক গুলো করে ফেলুন মাত্র ২৫/৩০ সেকেন্ডে

নিয়ম-১: নৌকার গতি শ্রোতের অনুকূলে ঘন্টায় ১০ কি.মি. এবং শ্রোতের প্রতিকূলে ২ কি.মি.। শ্রোতের বেগ কত?

$$\begin{aligned}\text{সর্টিকাট: } \text{শ্রোতের বেগ} &= (\text{শ্রোতের অনুকূলে নৌকার বেগ} - \text{শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ}) / 2 \\ &= (10 - 2) / 2 \\ &= 4 \text{ কি.মি.}\end{aligned}$$

নিয়ম-২: একটি নৌকা শ্রোতের অনুকূলে ঘন্টায় ৮ কি.মি. এবং শ্রোতের প্রতিকূলে ঘন্টায় ৪ কি.মি. যায়। নৌকার বেগ কত?

$$\begin{aligned}\text{সর্টিকাট: } \text{নৌকার বেগ} &= (\text{শ্রোতের অনুকূলে নৌকার বেগ} + \text{শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ}) / 2 = (8 + 4) / 2 \\ &= 6 \text{ কি.মি.}\end{aligned}$$

নিয়ম-৩: নৌকা ও শ্রোতের বেগ ঘন্টায় যথাক্রমে ১০ কি.মি. ও ৫ কি.মি.। নদীপথে ৪৫ কি.মি. পথ একবার যেয়ে ফিরে আসতে কত সময় লাগবে?

$$\begin{aligned}\text{#উত্তর: } \text{শ্রোতের অনুকূলে নৌকার বেগ} &= (10 + 5) = 15 \text{ কি.মি.} \quad \text{শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ} = (10 - 5) = 5 \text{ কি.মি.}\end{aligned}$$

$$\begin{aligned}\text{সর্টিকাট: } \text{মোট সময়} &= [(মোট দূরত্ব / অনুকূলে বেগ) + (মোট দূরত্ব / প্রতিকূলে বেগ)] \\ &= [(45 / 15) + (45 / 5)] \\ &= 3 + 9 \\ &= 12 \text{ ঘন্টা}\end{aligned}$$

নিয়ম-৪: একজন মাঝি শ্রোতের অনুকূলে ২ ঘন্টায় ৫ কি.মি. যায় এবং ৪ ঘন্টায় প্রথম অবস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘন্টায় গড় বেগ কত?

উত্তর:

$$\begin{aligned}\text{সর্টিকাট: } \text{গড় গতিবেগ} &= (\text{মোট দূরত্ব} / \text{মোট সময়}) = (5+5) / (2+4) \\ &= 5 / 3 \text{ মাইল}\end{aligned}$$

নিয়ম-৫: এক ব্যক্তি শ্রোতের অনুকূলে নৌকা বেয়ে ঘন্টায় ১০ কি.মি. বেগে চলে কোন স্থানে গেল এবং ঘন্টায় ৬ কি.মি. বেগে শ্রোতের প্রতিকূলে চলে যাত্রার স্থানে ফিরে এল। যাতায়াতে তার গড় গতিবেগ কত?

$$\begin{aligned}\text{সর্টিকাট: } \text{গড় গতিবেগ} &= 2mn / (m+n) = (2 \times 10 \times 6) / (10+6) \\ &= 15 / 2 \text{ কি.মি.}\end{aligned}$$

## পরীক্ষায় পাস-ফেল

পরীক্ষায় পাস-ফেল, ও পরীক্ষার্থীর সংখ্যা বিষয়ক

সূত্র-১: উভয় বিষয়ে ফেলের হার উল্লেখ থাকলে উভয় বিষয়ে পাশের হার নির্ণয়ের ক্ষেত্রে-

শর্ট টেকনিকঃ পাশের হার=  $100 - (1\text{ম বিষয়ে ফেলের হার} + 2\text{য বিষয়ে ফেলের হার} - \text{উভয় বিষয়ে ফেলের হার})$

উদাহরণঃ কোন পরিক্ষায় ২০% পরিক্ষার্থী গনিতে ৩০% পরিক্ষার্থী ইংরেজীতে ফেল করলো উভয় বিষয়ে ১৩ % পরিক্ষার্থী ফেল করলে শতকরা কত জন পরিক্ষার্থী পাশ করলো? (প্রাথমিক সংশি নিয়োগ (ইছামতি)পরিক্ষা-২০১০)

সমাধানঃ পাশের হার(?) =  $100 - [1\text{ম বিষয়ে ফেলের হার}(20) + 2\text{য বিষয়ে ফেলের হার}(30) - \text{উভয় বিষয়ে ফেলের হার}(13)]$   
=  $100 - (20+30-13)$   
= ৬৩% (উঃ)

সূত্র-২: উভয় বিষয়ে পাশের হার উল্লেখ থাকলে উভয় বিষয়ে ফেলের হার নির্ণয়ের ক্ষেত্রে-

শর্ট টেকনিকঃ ফেলের হার=  $100 - (1\text{ম বিষয়ে পাশের হার} + 2\text{য বিষয়ে পাশের হার} - \text{উভয় বিষয়ে পাশের হার})$   
(১ম চির উল্টো নিয়ম)

উদাহরণ১: কোন পরিক্ষায় ২০% পরিক্ষার্থী গনিতে ৩০% পরিক্ষার্থী ইংরেজীতে ফেল করলো উভয় বিষয়ে ১৩ % পরিক্ষার্থী ফেল করলে শতকরা কত জন পরিক্ষার্থী পাশ করলো? (প্রাথমিক সংশি নিয়োগ (ইছামতি)পরিক্ষা-২০১০)

সমাধানঃ পাশের হার(?) =  $100 - [1\text{ম বিষয়ে ফেলের হার}(20) + 2\text{য বিষয়ে ফেলের হার}(30) - \text{উভয় বিষয়ে ফেলের হার}(13)]$   
=  $100 - (20+30-13)$   
= ৬৩% (উঃ)

**উদাহরণ২:** যদি প্রশ্নটি এমন হয়- কোন পরিক্ষায় ২০০জনের মধ্যে ৭০% ছাত্র বিজ্ঞানে এবং ৬০% ছাত্র অংকে পাশ করে। এবং ৪০% উভয় বিষয়ে পাশ করে। তবে উভয় বিষয়ে শতকরা কত জন ফেল করলো? (সঞ্চয় অধিদপ্তর, সঃ পরিচালক, পরীক্ষা-২০০৬)

**সমাধানঃ**

$$= \frac{৭০+৬০-৪০}{১০০} \times ১০০$$

$$= ১০%$$

সুতরাং উভয় বিষয়ে ফেল = ২০০ এর ১০% = ২০% (উ%)

**সূত্র-৩:** উভয় বিষয়ে ফেল এবং পাশের উল্লেখ থাকলে মোট পরিক্ষার্থীর সংখ্যা নির্ণয়ের ক্ষেত্রেঃ

**শর্ট টেকনিকঃ**

$$\text{মোট পরিক্ষার্থী} = \left\{ \frac{\text{উভয় বিষয়ে পাসকৃত ছাত্র}}{(\text{১ম বিষয়ে ফেল} + \text{২য় বিষয়ে ফেল} + \text{উভয় বিষয়ে ফেল})} \right\} \times ১০০$$

**উদাহরণঃ** কোন স্কুলে ৭০% পরিক্ষার্থী ইংরেজীতে ৮০% পরিক্ষার্থী বাংলায় পাশ করলো। কিন্তু ১০% পরিক্ষার্থী উভয় বিষয়ে ফেল করলো। উভয় বিষয়ে শতকরা কত জন ফেল করলো। যদি উভয় বিষয়ে ৩৬০ জন পরিক্ষার্থী পাশ করে তবে এই স্কুলে কত জন পরিক্ষার্থী পরিক্ষা দিয়েছে? (২৩তম বিসিএস)

**সমাধানঃ**

$$\begin{aligned} \text{মোট পরিক্ষার্থী} &= [\text{উভয় বিষয়ে পাসকৃত ছাত্র}(৩৬০) / \{ \text{১ম বিষয়ে ফেল} \\ &(100-70=30) + \text{২য় বিষয়ে ফেল} (100-80=20) + \text{উভয় বিষয়ে ফেল } 10 \}] \times 100 \\ &= \{ 360 / (30+20+10) \} \times 100 \\ &= ৬০০ \end{aligned}$$

**সূত্র-৪:** কোন একটি বিষয়ে পাশের হার ও ফেলের সংখ্যা উল্লেখ থাকলে মোট পরিক্ষার্থীর সংখ্যা নির্ণয়ের ক্ষেত্রেঃ

**শর্ট টেকনিকঃ**

$$\text{মোট পরিক্ষার্থী} = \{ \text{ফেলের সংখ্যা} / (\text{১০০}-\text{ফেলের হার}) \} \times ১০০$$

**উদাহরণঃ** কোন পরিক্ষায় ৮৫% ছাত্র ইংরেজীতে পাশ করেছে ইংরেজীতে ফেলের সংখ্যা মোট ৭৫ জন হলে পরিক্ষার্থীর সংখ্যা কত?

$$\begin{aligned} \text{সমাধানঃ} \text{ মোট পরিক্ষার্থী} &= [\text{ফেলের সংখ্যা}(৭৫) / \{ \text{১০০}-\text{ফেলের হার}(100-85=15) \}] \times ১০০ \\ &= ৭৫ / (100-15) \times ১০০ \\ &= ৮৮.২৪(উ) \end{aligned}$$

## কাজ ও শ্রমিক

নিয়ম-১: ক, খ এবং গ একটি কাজ যথাক্রমে ১২, ১৫ এবং ২০ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কতদিনে করতে পারবে?

টেকনিক

$$\begin{aligned} &= abc / (ab + bc + ca) \\ &= (12 \times 15 \times 20) / (12 \times 15 + 15 \times 20 + 20 \times 12) \\ &= 5 \text{ দিনে } (\text{উৎ}) \end{aligned}$$

নিয়ম-২: ৯ জন লোক যদি একটি কাজ ৩ দিনে করে তবে কতজন লোক কাজটি ৯ দিনে করবে?

টেকনিক:

$$\begin{aligned} M1D1 &= M2D2 \\ \text{বা, } 9 \times 3 &= M2 \times 9 \\ \text{বা, } M2 \times 9 &= 27 \\ M2 &= 27/9 \\ \text{সুতরাং, } M2 &= 3 \text{ দিনে } (\text{উৎ}) \end{aligned}$$

নিয়ম-৩: ৩ জন পুরুষ বা ৪ জন মহিলা একটি কাজ ২০ দিনে করতে পারে। ঐ কাজটি শেষ করতে ২ জন পুরুষ এবং ৫ জন মহিলার প্রয়োজন হবে দিন সময় লাগবে?

টেকনিকঃ

$$\begin{aligned} T &= (M1 \times W1 \times T1) \div (M1W2 + M2W1) \\ &= (3 \times 8 \times 20) \div (3 \times 5 + 8 \times 2) \\ &= 12 \text{ দিন } (\text{উৎ}) \end{aligned}$$

নিয়ম-৪: যদি নুসরাত একটি কাজ ১০ দিনে করে এবং মায়ান্নি ঐ কাজ ১৫ দিনে করে তবে নুসরাত এবং মায়ান্নি একসাথে কাজটি কত দিনে করতে পারবে?

টেকনিকঃ

$$\begin{aligned} G &= FS \div (F+S) \\ &= (10 \times 15) \div (10+15) \\ &= 6 \text{ দিনে } (\text{উৎ}) \end{aligned}$$

নিয়ম-৫: যদি ক একটি কাজ ১০ দিনে করে এবং ক ও খ একসাথে কাজটি ৬ দিনে করে তবে খ কাজটি কতদিনে করতে পারবে?

টেকনিকঃ

$$\begin{aligned} G &= FS \div (F-S) \\ &= (10 \times 6) \div (10-6) \\ &= 15 \text{ দিনে } (\text{উৎ}) \end{aligned}$$

## অনুপাতের মিশ্রণ

টেকনিক - ১ মিশ্রণে যখন দুইটি অনুপাতের সংখ্যা দুইটির পার্থক্য যদি একই হয় তখন।  
নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ = ((মোট মিশ্রণের পরিমাণ / অনুপাতের ছোট সংখ্যা) ) X  
অনুপাতের পার্থক্য।

উদা: ৩০লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭:৩। এ মিশ্রণে কি পরিমাণ পানি  
মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত হবে ৩:৭।

লক্ষ্য করুন: এখানে অনুপাতের অন্তর উভয় ক্ষেত্রেই (৭-৩=৪) একই।

অতএব, সূত্র মতে নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ = ((মোট মিশ্রণের পরিমাণ / অনুপাতের ছোট  
সংখ্যা) ) X অনুপাতের পার্থক্য।

$$\text{বা, নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ} = (30/7) \times 4 \\ = 80 \text{লিটার। (উত্তর)}$$

টেকনিক - ২ মিশ্রণে যখন দুইটি অনুপাতের সংখ্যা দুইটির পার্থক্য যদি ভিন্ন হয় তখন নতুন  
মিশ্রিত দ্রব্যের পরিমাণ = (মোট মিশ্রণের পরিমাণ / ১ম অনুপাতের সংখ্যা দুটির যোগফল।)

উদা: ২৫ গ্রাম একটি সোনার গহনায় সোনা ও তামার অনুপাত ৪:১। গহনাটিতে আর  
কতটুকু সোনা যোগ করলে এতে সোনা ও তামার অনুপাত ৫:১ হবে?

লক্ষ্য করুন: এখানে অনুপাতের অন্তর উভয় ক্ষেত্রেই ভিন্ন। যেমন: ৪-১=৩ আবার ৫-১=৪।  
অতএব, সূত্রমতে নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ = (মোট মিশ্রণের পরিমাণ / ১ম অনুপাতের  
সংখ্যা দুটির যোগফল।)

$$\text{বা, নতুন মিশ্রিত দ্রব্যের পরিমাণ} = 25/(4+1) = 5 \text{ (উত্তর)}$$

নিজে নিজে করুন

১। ৩২ লিটার অকটেন- পেট্রোল মিশ্রনে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৫:৩। এতে আর  
কত অকটেনে মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত হবে ৪:৫?।

২। ২১লিটার পরিমাণ কেরোসিন ও পেট্রোল মিশ্রনে অনুপাত ৪:৩। এ মিশ্রণে কি পরিমাণ  
পেট্রোল মিশ্রিত করলে কেরোসিন ও পেট্রোল অনুপাত হবে ৩:৪ হবে?

৩। ৪২গ্রাম ওজনের একটি গয়নায় সোনা ও তামার অনুপাত ৪:৩। এতে কত সোনা মিশালে  
সোনা ও তামার অনুপাত ৫:৩ হবে?

৪। ৩০লিটার পরিমাণ এসিড ও পানির অনুপাত ৭:৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত  
করলে এসিড ও পানির অনুপাত ৩:৭ হবে?

৫। একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। সোনা ও তামার অনুপাত ৩:১। এতে কত সোনা  
মিশালে সোনা ও তামার অনুপাত ৪:১ হবে?

৬। ৬০লিটার পরিমাণ কেরোসিন ও পেট্রোল মিশ্রনে অনুপাত ৭:৩। এ মিশ্রণে কি পরিমাণ  
পেট্রোল মিশ্রিত করলে কেরোসিন ও পেট্রোল অনুপাত হবে ৩:৭ হবে?

উত্তর:

(১) ৪ (২) ৭ (৩) ৬ (৪) ৪০ (৫) ৪ (৬) ৮০

## সংখ্যার যোগফল

পরপর ১০টি সংখ্যা দেওয়া দেয়া আছে, ১ম ৫টির যোগফল ৫৬০ হলে, শেষ ৫টির যোগফল কত?

টাইপ-১

প্রথম যে কয়টির যোগফল দেয়া থাকবে + যে কয়টি সংখ্যার বের করতে হবে তার বর্গ শেষ ৫টির যোগফল = ১ম পাঁচটির যোগফল +  $5^2$

$$= 560 + 25$$

$$= 585$$

টাইপ-২

পরপর ৬টি সংখ্যা দেয়া আছে, শেষ ৩টির যোগফল ৩৬ হলে, প্রথম ৩টির যোগফল কত?

টেকনিক:

শেষ যে কয়টির যোগফল দেয়া থাকবে --- যে কয়টি সংখ্যার বের করতে হবে তার বর্গ

প্রথম ৩টির যোগফল = ১ম ৩টির যোগফল -  $3^2$ )

উত্তর:  $36 - 3^2$

$$= 36 - 9$$

$$= 27$$

মনে রাখুন : ১ম পাঁচটি / তিনটি চাইলে যোগ (+) আর শেষের চাইলে বিয়োগ (-)

## ক্রমিক সংখ্যার যোগফল

সূত্র ১: (যখন ১ হতে শুরু) যোগফল  $S = \text{শেষ সংখ্যার অর্ধেক} * (\text{শেষ সংখ্যা} + 1)$   
যেমন: ১ হতে ১০০ পর্যন্ত ক্রমিক সংখ্যার যোগফল কত?  
যোগফল  $S = \text{শেষ সংখ্যার অর্ধেক} * (\text{শেষ সংখ্যা} + 1)$   
 $= 50 * 101$  [এখানে শেষ সংখ্যা ১০০]  
 $= 5050$  (উত্তর)

সূত্র ২. ক্রমিক (যখন ১ হতে ডিন্ব) সংখ্যার যোগফল নির্ণয়ের সূত্র  
যেমন:- ৫ থেকে ৩৫ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?

সূত্র: যোগফল = (১ হতে ৩৫ পর্যন্ত যোগফল) - (১ হতে ৪ পর্যন্ত যোগফল)  
 $= 35 / 2 * 36 - 2 * 5$  [পূর্বের সূত্রানুসারে তবে এখানে দুটি অংশ]  
 $= 630 - 10$   
 $= 620$

বি. দ্র ৫ হতে ৩৫ পর্যন্ত যোগফল বের করতে বলেছে তাই ১ হতে ৩৫ পর্যন্ত যোগফল বেব করে তা হতে ১ হতে ৪ পর্যন্ত যোগফল (৫ এর পূর্ব সংখ্যা হল ৪) বাদ দেওয়া হয়েছে

সূত্র: ৩ ক্রমিক বিজোড় সংখ্যার যোগফল  $S = (\text{মধ্যসংখ্যা}) * 2$  [যেখানে মধ্যসংখ্যা = ( $1^{\text{ম}} \text{ সংখ্যা} + \text{শেষ সংখ্যা}$ ) / ২]

উদা:  $1+3+5+\dots+21=?$   
মধ্যসংখ্যা =  $(1+21)/2 = 11$   
যোগফল  $S = (\text{মধ্যসংখ্যা}) * 2$   
 $= (11) * 2$   
 $= 22$  (উত্তর)

সূত্র ৪: ক্রমিক জোড় সংখ্যার যোগফল  $S = \text{মধ্যসংখ্যা} * (\text{মধ্যসংখ্যা} - 1)$

উদা:  $2+4+6+\dots+100=?$   
যোগফল = মধ্যসংখ্যা  $* (\text{মধ্যসংখ্যা} - 1)$   
মধ্যসংখ্যা =  $(2+100)/2$   
 $= 51$   
Sum =  $51 * 50$   
 $= 2550$

## চৌবাচ্চা সংক্রান্ত

যখন ২টি নল দ্বারা চৌবাচ্চা পূর্ণ হয় তখন: প্রয়োজনীয় সময়  $T = [mn \div (m + n)]$

প্রশ্নঃ একটি চৌবাচ্চা ২টি নল দ্বারা যথাক্রমে ২০ ও ৩০ মিনিটে পূর্ণ হয়। দু'টি নল একসংগে খুলে দিলে চৌবাচ্চাটি কত সময়ে পূর্ণ হবে? (এই প্রশ্নটা রেলওয়ে সহ কঃ;/পি.এস.সি.সঃপরিঃ/বি.এস.টি আই সহ মোট' ৯টি পরীক্ষায় আসছে)

সমাধানঃ

$$\begin{aligned} \text{প্রয়োজনীয় সময় } T &= [mn \div (m + n)] \\ &= (30 \times 20) \div (30 + 20) \\ &= 12 \text{ মিনিট (উঃ)} \end{aligned}$$

চলুন একটু ভিন্ন ধরনের ১টি অংক দেখা যাকঃ

প্রশ্নঃ সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে ৫ ঘন্টায় সম্পূর্ণ ভর্তি করা যায়। ২য় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি ভর্তি করতে ৩ ঘন্টা সময় লাগে। ২টি পাইপ একসংগে ব্যাবহার করে চৌবাচ্চাটি  $2/3$  অংশ পূর্ণ করতে কত সময় লাগবে?

লক্ষ করুন, প্রশ্নটি ১৮ তম বিসি এস.-এ আসছে। প্রশ্নের শেষে লিখা আছে দু'টি পাইপ একসংগে খুলে দিলে। চৌবাচ্চাটি  $2/3$  অংশ পূর্ণ হতে কত সময় লাগবে?] (পুরো চৌবাচ্চা'টির পূর্ণ হওয়ার কথা প্রশ্নে উল্লেখ না করে; শেষে যদি  $(2/3;$  অংশ  $5/4;$  অংশ  $1/2;$  অংশ) পূর্ণ হতে কত সময় লাগে এভাবে উল্লেখ থাকে; তবে আপনি যত অংশ বলবে তত দিয়ে পাশে অথবা উত্তরকে গুন করে দিবেন।)

যেমনঃ

$$\begin{aligned} \text{প্রয়োজনীয় সময় } T &= [mn \div (m + n) \times 2/3] \\ &= [(3 \times 5) \div (3+5) \times 2/3] \\ &= 5/4 \text{ ঘন্টা (উঃ)} \end{aligned}$$

(নতুন কিছুই হয়নি শুধু  $2/3$  দিয়ে গুন করে দিলাম।)

চাকার পরিধি  
MAHBUB OR RASHID

টাইপ > সামনের ও পিছনের চাকার পরিধির পার্থক্য ১ থাকলে কোনটি কার চেয়ে কতদূর গেলে নির্দিষ্ট বার বেশি ঘুরবে?

টেকনিক > প্রশ্নে যে কনফিগার গুলো দেওয়া থাকবে সব গুলো গুণ করলেই কেম্বা ফতে!

প্রশ্ন: একটি ঘোড়ার গাড়ির সামনের চাকার পরিধি ৪মিটার , পিছনের চাকার পরিধি ৫মিটার। গাড়িটি কত পথ গেলে সামনের চাকা পিছনের চাকার চেয়ে ২০০ বার বেশি ঘুরবে?

উত্তর: শর্ট টেকনিক >> $5*4*200 = 4000$ মিটার বা ৪কি.মি।

কি মজা পাইলেন? তাহলে এখন আপনারা করেন :

১। এক গাড়ির সমানের চাকার পরিধি ৩মিটার , পিছনের চাকার পরিধি ৪মিটার। গাড়ি কত পথ গেলে সামনের চাকা পিছনের চাকা অপেক্ষা ১০০ বার বেশি ঘুরবে?

২। এক ঘোড়ার গাড়ির সমানের চাকার পরিধি ২মিটার , পিছনের চাকার পরিধি ৩মিটার। গাড়ি কত পথ গেলে সামনের চাকা পিছনের চাকা অপেক্ষা ১০ বার বেশি ঘুরবে?

1. 1200 m.,
2. 60 m.

## ক্যালকুলেটর ছাড়া

ক্যালকুলেটর ছাড়া যে কোন সংখ্যাকে 5 দিয়ে ভাগ করার একটি effective টেকনিক  
(০১)  $13/5 = 2.6$  (ক্যালকুলেটর ছাড়া মাত্র ৩ সেকেন্ডে এটি সমাধান করা যায়)

টেকনিকঃ 5 দিয়ে যে সংখ্যাকে ভাগ করবেন তাকে 2 দিয়ে গুণ করুন তারপর ডানদিক থেকে 1 ঘর আগে দশমিক বসিয়ে দিন। কাজ শেষ!!!  $13*2=26$ , তারপর থেকে 1 ঘর আগে দশমিক বসিয়ে দিলে 2.6।

(০২)  $213/5 = 42.6$  ( $213*2 = 426$ )

$0.03/5 = 0.006$  ( $0.03*2 = 0.06$  যার একঘর আগে দশমিক বসালে হয় 0.006)

$333,333,333/5 = 66,666,666.6$  (এই গুলা করতে আবার ক্যালকুলেটর লাগে না কি!)

(০৩)  $12,121,212/5 = 2,424,242.4$

এবার নিজে ইচ্ছেমত 5 দিয়ে যে কোন সংখ্যাকে ভাগ করে দেখুন, ৩.৫ সেকেন্ডের বেশি লাগবে না!!

ক্যালকুলেটর ছাড়া যে কোন সংখ্যাকে 25 দিয়ে ভাগ করার একটি effective টেকনিক

০১.  $13/25 = 0.52$  (ক্যালকুলেটর ছাড়া মাত্র ৩ সেকেন্ডে এটিও সমাধান করা যায়)

টেকনিকঃ 25 দিয়ে যে সংখ্যাকে ভাগ করবেন তাকে 4 দিয়ে গুণ করুন তারপর ডানদিক থেকে 2 ঘর আগে দশমিক বসিয়ে দিন। কাজ শেষ!!!  $13*4=52$ , তারপর থেকে 2 ঘর আগে দশমিক বসিয়ে দিলে 0.52।

০২.  $210/25 = 8.40$

০৩.  $0.03/25 = 0.0012$

০৪.  $222,222/25 = 8,888.88$

০৫.  $13,121,312/25 = 524,852.48$

ক্যালকুলেটর ছাড়া যে কোন সংখ্যাকে 125 দিয়ে ভাগ করার একটি effective টেকনিক

০১.  $7/125 = 0.056$

টেকনিকঃ 125 দিয়ে যে সংখ্যাকে ভাগ করবেন তাকে 8 দিয়ে গুণ করুন তারপর ডানদিক থেকে 3 ঘর আগে দশমিক বসিয়ে দিন। কাজ শেষ!!!  $7*8=56$ , তারপর থেকে 3 ঘর আগে দশমিক বসিয়ে দিলে 0.056।

০২.  $111/125 = 0.888$

০৩.  $600/125 = 4.800$

## ক্যালকুলেটর ছাড়া অনুপাতের ভাগ

ক্যালকুলেটর ছাড়া অনুপাতের ভাগ করতে পারবেন?? না পারলে টেকনিক দেখুন

### সমস্যা ১

৪৫০ কে ৫:৪ ভাগে ভাগ করুন।

#### টেকনিক

৪৫০ এর শুন্য বাদ দিন। ৪৫ হবে.... তারপর অনুপাতের (৫+৪) করলে ৯হয়।  
এখন ৪৫কে ৯দিয়ে ভাগ করে ৫ দিয়ে গুন করলে ২৫ হয়।  
অপরদিকে, ৪৫কে ৯দিয়ে ভাগ করে ৪দিয়ে গুন করলে হয় ২০।  
এখন ২৫এর সাথে একটি শুন্য(০) এবং ২০এর সাথে একটি শুন্য(০) বসিয়ে  
দিলেই--- কেল্লাফতে!!!!!!  
উত্তর হবে:- ২৫০:২০০।  
এখনো না বুঝলে, আরেকবার পড়ুন।

### সমস্যা ০২:

১০০০ কে ২:৩:৫ অনুপাতে ভাগ করুন।

#### টেকনিক:

(সমস্যা:-১ এর মতই)

প্রথমে মনে মনে ১০০০ এর একটি শুন্য রেখে, বাকি দুইটা বাদ দিন। তারপর (২+৩+৫) করলে ১০ হবে।

১০কে ১০দিয়ে ভাগ, দুই দিয়ে গুন করলে ২হবে।

১০কে ১০দিয়ে ভাগ, তিন দিয়ে গুন করলে ৩হবে।

১০কে ১০দিয়ে ভাগ, পাঁচ দিয়ে গুন করলে ৫হবে।

[[ বলে রাখা ভাল, এখানে ১ম ১০ হলো ১০০০থেকে দুটি শুন্য বাদ দেয়া ১০।  
আর, ২য় ১০ হলো ২+৩+৫ যোগ করা ১০ ]]

এখন, ২,৩,৫ এর সাথে দুটি করে শুন্য(০) বসিয়ে দিলেই কাজ শেষ!!!

উত্তর: ২০০:৩০০:৫০০।

## সংখ্যার বর্গ

ক্যালকুলেটর ছাড়া ২০ থেকে ২৯ পর্যন্ত যে কোন সংখ্যার বর্গ নির্ণয় করার খুব কার্যকর একটি টেকনিক-

### ১. ২৩ এর বর্গ কত?

যে সংখ্যার বর্গ নির্ণয় করবেন তার এককের ঘরের অংকের সাথে পুরো সংখ্যাটিকে যোগ করতে হবে তারপর যোগফলটিকে ২ দিয়ে গুণ করে নিতে হবে এবং শেষে এককের ঘরের অংকের বর্গ বসিয়ে দিতে হবে। এইতো শেষ।

$$\text{Step-1: } 23+3=26$$

$$\text{Step-2: } 26*2=52$$

$$\text{Step-3: } 3*3=9 \text{ তাহলে } 23 \text{ এর বর্গ হল } 529।$$

### ২. ২৮ এর বর্গ কত?

$$\text{Step-1: } 28+8=36$$

$$\text{Step-2: } 36*2=72$$

$$\text{Step-3: } 8*8=64, \text{ তাহলে } 28 \text{ এর বর্গ হল } 784।$$

খেয়াল করুন ২০ থেকে ২৯ পর্যন্ত যে কোন সংখ্যার বর্গ হবে ৩ অংক বিশিষ্ট কোন সংখ্যা তাই প্রথমে ৭২ বসালাম এবং তারপর যদি ৬৪ বসাই তাহলে এটি ৪ অংক বিশিষ্ট একটি সংখ্যা হয়ে যাবে সেজন্য ৬৪-র এককের ঘরের অংক ৪ কে বসিয়ে ৬ কে ৭২ এর সাথে যোগ করে নিলেই কাজ শেষ।

### ৩. ২৯ এর বর্গ কত?

$$\text{Step-1: } 29+9=38$$

$$\text{Step-2: } 38*2=76$$

$$\text{Step-3: } 9*9=81, \text{ তাহলে } 29 \text{ এর বর্গ হল } 841।$$

## বর্গের ৪টি সূত্র

বর্গের সর্বমোট ৪টি সূত্র আছে

১) বর্গের অন্তর বা প্রার্থক্য দেওয়া থাকলে, বড় সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-  
টেকনিকঃ বড় সংখ্যা=(বর্গের অন্তর+1)÷2

প্রশ্নঃ দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর যদি 47 হয় তবে বড় সংখ্যাটি কত?

সমাধানঃ বড় সংখ্যা=(47+1)÷2=24

২) দুইটি বর্গের অন্তর বা প্রার্থক্য দেওয়া থাকলে, ছোট সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ ছোট সংখ্যাটি=(বর্গের অন্তর -1)÷2

প্রশ্নঃ দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 33। ক্ষুদ্রতম সংখ্যাটি কত হবে?

সমাধানঃ ছোট সংখ্যাটি =(33-1)÷2=16

৩) যত বড়....তত ছোট/ তত ছোট....যত বড় উল্লেখ থাকলে সংখ্যা নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ সংখ্যাটি=(প্রদত্ত সংখ্যা দুটির যোগফল)÷2

একটি সংখ্যা 742 থেকে যত বড় 830 থেকে তত ছোট। সংখ্যাটি কত?

সংখ্যাটি=(742+830)÷2=786(উঁঃ)

৪) দুইটি সংখ্যার গুনফল এবং একটি সংখ্যা দেওয়া থাকলে অপর সংখ্যাটি নির্ণয়ের ক্ষেত্রে-

টেকনিকঃ সংখ্যা দুটির গুনফল÷একটি সংখ্যা

২টি সংখ্যার গুনফল 2304 একটি সংখ্যা 96 হলে অপর সংখ্যাটি কত?

সমাধানঃ অপর সংখ্যাটি=(2304÷96)=24

## লাভ -ক্ষতি

নিচের টপিকস থেকে পিএসসির বিভিন্ন নিয়োগ পরীক্ষায় প্রশ্ন আসে।

টপিকস : লাভ -ক্ষতি:

আইটেম -১

একটি দ্রব্য নির্দিষ্ট % লাভে/ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ..... টাকা বেশি হলে % লাভে/ক্ষতি হয়। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে।

উদাঃ একটি মোবাইল ১০ % ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভে হত। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে।

টেকনিক : ক্রয়মূল্য =  $\{100 \times \text{যত বেশি থাকবে}\} / \text{উল্লেখিত শতকরা হারদুটির যোগফল}$ )

অঙ্কটির সমাধান:

$$\begin{aligned}\text{ক্রয়মূল্য} &= \{100 \times 45\} / \{10 + 5\} \\&= 8500 / 15 \\&= 500 \text{ (উত্তর)}\end{aligned}$$

নিজে নিজে করুন

১। একটি কলম ১০ % ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ৩০ টাকা বেশি হলে ৫% লাভে হত। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে। (২০০)

২। একটি কম্পিউটার ২০ % ক্ষতিতে বিক্রয় করা হয়। বিক্রয় মূল্য ১৫০০ টাকা বেশি হলে ৫% লাভে হত। ক্রয়মূল্য নির্ণয় করতে হবে। (৬০০০)

আইটেম :-২

কোন দ্রব্যের মূল্য নির্দিষ্ট ৫% কমে যাওয়ায় দ্রব্যটি ৬০০০ টাকা পূর্ব অপেক্ষা ১ কুইন্টাল বেশি পাওয়া যায়। ১ কুইন্টাল এর বর্তমান মূল্য কত?

টেকনিক :

বর্তমান মূল্য:  $(\text{শতকরা হার}/100) \times \{\text{যে টাকা দেওয়া থাকবে} / \text{কম-বেশি সংখ্যার পরিমাণ}\} \times \text{যত পরিমাণের মূল্য বাহির করতে বলা হবে।$

উদাহরণটির সমাধান:

$$\begin{aligned}\text{বর্তমান মূল্য} &= (5/100) \times (6000/1) \times 1 \\&= 300 \text{ টাকা। (উত্তর)}\end{aligned}$$

**নিজে করুন:**

৩। কোন দ্রব্যের মূল্য নির্দিষ্ট ৩০% কমে যাওয়ায় দ্রব্যটি ৬০০০ টাকায় পূর্ব অপেক্ষা ৬ কুইন্টাল বেশি পাওয়া যায়। ১০ কুইন্টাল এর বর্তমান মূল্য কত? (উত্তর: ৩০০০০ টাকা)

৪। কলার মূল্য নির্দিষ্ট ২৫% কমে যাওয়ায় দ্রব্যটি ১০০ টাকায় পূর্ব অপেক্ষা ২৫ টি বেশি পাওয়া যায়। ৩ হালি কলার বর্তমান মূল্য কত? (উত্তর: ১২)

**টপিকস :** লাভ -ক্ষতি

অঙ্কের ধরণ: টাকায় নির্দিষ্ট দরে নির্দিষ্ট পরিমাণ দ্রব্য কিনে সেই টাকায় নির্দিষ্ট কম-বেশি দরে বিক্রি করায় শতকরা লাভ -ক্ষতির হার নির্ণয় করতে হবে।

**টেকনিক:** লাভ/ক্ষতি = ১০০ / বিক্রির সংখ্যা

উদাঃ টাকায় ৩টি করে লেবু কিনে ২টি করে বিক্রি করলে শতকরা লাভ কত? (২৬তম বিসিএস)

**টেকনিক:**

লাভ = ১০০ / বিক্রির সংখ্যা

= ১০০ / ২

= ৫০% (উত্তর)

**নিজে করুন:**

১। টাকায় ৫টি করে লেবু কিনে ৪টি করে বিক্রি করলে শতকরা লাভ কত?

২। টাকায় ২১টি করে লেবু কিনে ২০টি করে বিক্রি করলে শতকরা লাভ কত?

৩। টাকায় ৯টি করে লেবু কিনে ১০টি করে বিক্রি করলে শতকরা ক্ষতি কত?

৪। টাকায় ৪৯টি করে লেবু কিনে ৫০টি করে বিক্রি করলে শতকরা লাভ কত?

১/ ২৫%

২/ ৫%

৩/ ১০%

৪/ ২%

## দ্রব্যমূল্যের শতকরা হার

1. টেকনিক: দ্রব্যমূল্যের শতকরা হার হ্রাস পাওয়ায় –

দ্রব্যের\_বর্তমান\_মূল্য = (হ্রাসকৃত মূল্যের হার X মোট মূল্য) ÷ (১০০ + যে পরিমাণ পণ্য বেশি হয়েছে)

উদাহরণঃ চালের মূল্য ১২% কমে যাওয়ায় ৬,০০০ টাকায়

পূর্বাপেক্ষা ১ কুইন্টাল চাল বেশি পাওয়া যায়। ১ কুইন্টাল চালের দাম কত?

সমাধানঃ দ্রব্যের বর্তমান মূল্য =  $(12 \times 6000) \div (100 \times 1)$

= ৭২০ টাকা(উঃ)

2. টেকনিক:

মূল্য বা ব্যবহার হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে –

হ্রাসের\_হার = (বৃদ্ধির হার X হ্রাসের হার) ÷ ১০০

উদাহরণঃ চিনির মূল্য ২০% কমলো কিন্তু চিনির ব্যবহার ২০% বেড়ে গেল এতে চিনি বাবদ ব্যয় শতকরা কত বাঢ়বে বা কমবে?

সমাধানঃ হ্রাসের হার =  $(20 \times 20) \div 100$

= ৪%(উঃ)

3. টেকনিক:

পূর্ব মূল্য এবং বর্তমান মূল্য অনুপাতে দেওয়া থাকলে

মূল্যের শতকরা হ্রাস বের করতে হলে –

শতকরা\_মূল্য\_হ্রাস

= (অনুপাতের বিয়োগফল X  $(100 \div \text{অনুপাতের প্রথম সংখ্যা})$ )

উদাহরণঃ মাসুদের আয় ও ব্যয় এর অনুপাত ২০:১৫ হলে তার মাসিক সঞ্চয় আয়ের শতকরা কত ভাগ?

সমাধানঃ শতকরা মূল্য হার =  $(20-15) \times (100 \div 20) = 25\%$ (উঃ)

পিপা/ট্যাংক/চৌবাচ্চা সংক্রান্ত অংকগুলো ৩৬ সেকেন্ডে সম্পন্ন করা খুব কঠিন ব্যাপার। শুধু ২টি টেকনিক মনে রাখুন আসাকরি এই ধরনের যে কোন প্রশ্নের উত্তর করতে পারবেন।

## মনে রাখুনঃ

### টেকনিক১:

যখন কোন পিপা/ট্যাংক ২টি নলের ১টি পানি দ্বারা পূর্ণ করন এবং অপরটি অপসারন রত থাকে তখন-

পিপা/ট্যাংক পূর্ণ বা খালি হতে প্রয়োজনীয় সময়

$$T = [mn \div (m - n)]$$

এখানে,

$m$ =২য় নল দ্বারা ব্যায়িত সময়

$n$ =১ম নল দ্বারা ব্যায়িত সময়]

## উদাহরনঃ

প্রশ্নঃ একটি পানির ট্যাংক এ ২টি নল আছে। ১ম নলটি খুলে দিলে ট্যাংক-টি ২০ ঘন্টায় পূর্ণ হয়। ২য় নল দ্বারা পূর্ণ ট্যাংক-টি ৩০ ঘন্টায় খালি হয়। ২টি নল একসংগে খুলে দিলে খালি ট্যাংক কত সময়ে পূর্ণ হবে?

## সমাধানঃ

ট্যাংক পূর্ণ হতে প্রয়োজনীয় সময়  $T = [m(30) \times n(20)] \div m$

$$(30) - (20)n]$$

$$= (30 \times 20) \div (30 - 20)$$

$$= 60 \text{ ঘন্টা}(\text{উৎ})$$

## শতকরার সমস্যা ও সমাধান

শতকরার কিছু কমন সমস্যা প্রায়শ আসে। এর মাঝে একটি সমস্যা সহজে স্বল্প সময়ে সমাধানের টেকনিক দেয়া হল -

টাইপ ১: (যদি দাম বাড়ে)

চালের দাম যদি ৪০% বেড়ে যায় তবে চালের ব্যাবহার শতকরা কত কমালে চালের ব্যয় অপরিবর্তিত থাকবে?

টেকনিকঃ

কমানো % =  $(100 \times r) / (100 + r)$  (দাম বাড়লে ফর্মুলায় প্লাস ব্যাবহার হয়েছে)

এখানে  $r = 40\%$

$$\text{Answer} = (100 \times 40) / (100 + 40)$$
$$= 28.57\%$$

টাইপ ২: (যদি দাম কমে)

চালের দাম যদি ৪০% কমে যায় তবে চালের ব্যাবহার শতকরা কত বাড়ালে চালের ব্যয় অপরিবর্তিত থাকবে?

টেকনিকঃ

বাড়ানো % =  $(100 \times r) / (100 - r)$  (দাম কমলে ফর্মুলায় মাইনাস ব্যাবহার হয়েছে)

এখানে  $r = 40\%$

$$\text{Answer} = (100 \times 40) / (100 - 40)$$
$$= 66.66\%$$

টাইপ ৩: (যদি  $r$  এর মান ২০% দেয়া থাকে তবে বাড়ুক কমুক যে টাইপ সমস্যাই দেয়া হোক না কেন চোখ বন্ধ করে উত্তর হবে ২৫%, আর ২৫% দেয়া থাকলে উত্তর হবে ২০% )

Example 1: চালের দাম যদি ২৫% বেড়ে যায় তবে চালের ব্যাবহার শতকরা কত কমালে চালের ব্যয় অপরিবর্তিত থাকবে?

উত্তরঃ ২০%

যদি ২৫% কমে দেওয়া থাকে তাহলে উত্তর হবে ৩৩.৩৩%

Example 2: চালের দাম যদি ২০% বেড়ে যায় তবে চালের ব্যাবহার শতকরা কত কমালে চালের ব্যয় অপরিবর্তিত থাকবে?

উত্তরঃ ২৫%

## সুদকষা

সূত্রঃ ১

যখন মূলধন, সময় এবং সুদের হার সংক্রান্ত মান দেওয়া থাকবে তখন সুদ / মূলাফা  
= (মূলধন X সময় X সুদের হার) / ১০০

প্রশ্নঃ ৯.৫% হারে সরল সুদে ৬০০ টাকার ২ বছরের সুদ কত?

সমাধানঃ

$$\text{সুদ} / \text{মূলাফা} = (৬০০ \times ২ \times ৯.৫) / ১০০$$
$$= ১১৪ \text{ টাকা}$$

সূত্রঃ ২

যখন সুদ, মূলধন এবং সুদের হার দেওয়া থাকে তখন –

সময় = (সুদ X ১০০) / (মূলধন X সুদের হার)

প্রশ্নঃ ৫% হারে কত সময়ে ৫০০ টাকার মূলাফা ১০০ টাকা হবে?

সমাধানঃ

$$\text{সময়} = (১০০ \times ১০০) / (৫০০ \times ৫)$$
$$= ৪ \text{ বছর}$$

সূত্রঃ ৩

যখন সুদে মূলে গুণ হয় এবং সুদের হার উল্লেখ থাকে তখন –

সময় = (সুদেমূলে যতগুণ – ১) / সুদের হার X ১০০

প্রশ্নঃ বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছর পরে সুদে আসলে দ্বিগুণ হবে?

সমাধানঃ

$$\text{সময়} = (২ - ১) / ১০ \times ১০০$$
$$= ১০ \text{ বছর}$$

সূত্রঃ ৪

যখন সুদে মূলে গুণ হয় এবং সময় উল্লেখ থাকে তখন

সুদের হার = (সুদেমূলে যতগুণ – ১) / সময় X ১০০

প্রশ্নঃ সরল সুদের হার শতকরা কত টাকা হলে, যে কোন মূলধন ৮ বছরে সুদে আসলে তিনগুণ হবে?

সমাধানঃ

$$\text{সুদের হার} = (৩ - ১) / ৮ \times ১০০$$
$$= ২৫\%$$

সুত্রঃ ৫

যখন সুদ সময় ও মূলধন দেওয়া থাকে তখন

সুদের হার =  $(\text{সুদ} \times 100) / (\text{আসল বা মূলধন} \times \text{সময়})$

প্রশ্নঃ শতকরা বার্ষিক কত টাকা হার সুদে ৫ বছরের ৪০০ টাকার সুদ ১৪০ টাকা হবে?

সমাধানঃ

সুদের হার =  $(140 \times 100) / (400 \times 5)$   
= ৭ টাকা

চক্রবৃদ্ধি সুদ নির্ণয়

টেকনিক:

যে সুদের হার দেওয়া থাকবে তাকে বছর অনুযায়ী যোগ করুন এবং হারের বর্গকে ১০০ দিয়ে ভাগ করে ভাগফলের সাথে হারের যোগফল যোগ করে যা পাওয়া যাবে সেটা মোট টাকার শতকরা বের করলেই চক্রবৃদ্ধি সুদ পাওয়া যাবে।

উদাহরণ ২৫০০ টাকার উপর ১২% হারে ২ বছরের চক্রবৃদ্ধি সুদ কত?

উত্তর: বছর দ্বিগুণ থাকায় হারকে ডাবল করুন এবং হারকে বর্গ করে ১০০ দিয়ে ভাগ দিন। তারপর হারের যোগফলের সাথে ভাগফল যোগ করুন ব্যাস হয়ে গেল।

$(12+12) = 24 + 1.44 = 25.44\%$  ধরুন ২৫০০ টাকার উপর ৬৩৬ চক্রবৃদ্ধি সুদ।

সব ধরনের ই-বুক ডাউনলোডের জন্য

**MyMahbub.Com**

## বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রে

টাইপ -১

বর্ধিত বর্গক্ষেত্র ক্ষেত্রফল নির্ণয় বর্গ ক্ষেত্রের প্রতিটি বাহু ক% বৃদ্ধি হলে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

টেকনিক: বর্ধিত ক্ষেত্রফল= ক<sup>2</sup>/100

উদাহরণ:

সমস্যা: একটি বর্গ ক্ষেত্রের প্রতিটি বাহু ১০ % বৃদ্ধি হলে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

সমাধান: বর্ধিত ক্ষেত্রফল=  $110^2/100$   
= ১২১%

সূতরাং ক্ষেত্রফল বৃদ্ধি =  
(১২১-১০০)= ২১% (উত্তর)

টাইপ -২

বর্ধিত আয়তক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ক% বৃদ্ধি এবং খ % হ্রাস পেলে ক্ষেত্রফলের শতকরাকি পরিবর্তন হবে?

টেকনিক: বর্ধিত ক্ষেত্রফল= (বর্ধিত দৈর্ঘ্য X হ্রাসকৃত প্রস্থ)/১০০

উদাহরণ:

সমস্যা: একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি এবং ১০% হ্রাস পেলে ক্ষেত্রফলের শতকরা কি পরিবর্তন হবে?

সমাধান: বর্ধিত ক্ষেত্রফল=  $(120 \times 90)/100 = 108$   
সূতরাং ক্ষেত্রফল বৃদ্ধি=  $(108-100)\%$   
= ৮% (উত্তর)

## Percentage

1.  $30\% \text{ of } 50 = 15 (3*5=15)$  কিভাবে মাত্র কয়েক সেকেন্ডে  
এর উত্তর বের করবেন? প্রশ্নে উল্লেখিত সংখ্যা দুটি হল 30 এবং  
50। এখানে উভয় সংখ্যার এককের ঘরের অংক 'শূন্য' আছে।  
যদি উভয় সংখ্যার এককের ঘরের অংক 'শূন্য' হয় তাহলে  
উভয় সংখ্যা থেকে তাদেরকে (শূন্য) বাদ দিয়ে বাকি যে সংখ্যা  
পাওয়া যায় তাদেরকে গুণ করলেই উত্তর বের হয়ে যাবে অর্থাৎ  
এখানে 3 এবং 5 কে গুণ করলেই উত্তর বের হয়ে যাবে।
2.  $40\% \text{ of } 60 = 24 (4*6=24)$
3.  $20\% \text{ of } 190 = 38 (2*19=38)$
4.  $80\% \text{ of } 40 = 32 (8*4=32)$
5.  $20\% \text{ of } 18 = 3.6 (2*1.8=3.6)$   
এখানে দুটি সংখ্যার মধ্যে একটির এককের ঘরের সংখ্যা 'শূন্য'  
তাহলে এখন কি করব? ঐ 'শূন্য' টাকে বাদ দেব আর যে  
সংখ্যায় 'শূন্য' নেই সেই সংখ্যার এককের ঘরের আগে একটা  
'দশমিক' বসিয়ে দেব। বাকী কাজটা আগের মতই।
6.  $25\% \text{ of } 44 = 11 (2.5*4.4=11)$
7.  $245\% \text{ of } 245 = 600.25 (24.5*24.5=600.25)$
8. ১২৫ এর ২০% কত? = ২৫ ( $12.5*2=25$ )
9. ৫০ এর ১০% কত? = ৫ ( $5*1=5$ )
10. ১১৫২৫ এর ২০% কত? = ২৬৫০.৭৫  
( $1152.5*2.3=2650.75$ )

## ভগ্নাংশ, দশমিক ভগ্নাংশ, সরলীকরণ, বর্গ মূল

>কোন বৃহত্তম বা ক্ষুদ্রতম সংখ্যা বের করতে লবকে হর দিয়ে ভাগ দিতে হয়।

>ভংগ্নাংশকে লঘিষ্ট আকারে প্রকাশ করতে লব ছোট থাকতে হয়।

>৭/১৭ এর হর ও লবের সঙ্গে কোন সংখ্যাটি যোগ করলে ভগ্নাংশটি ৩/৫ হয়? ৮ [x ধরে মান বের করতে হবে]

> একটি ভগ্নাংশের লব ও হর উভয় থেকে এক বিয়োগ করলে ভগ্নাংশটি ২/৩ হয়। কিন্তু হর ও লব উভয়ের সঙ্গে ১ যোগ করলে ভগ্নাংশটি ৩/৪ হয়। ভগ্নাংশটি কত? ৫/৭ [প্রথম সমীকরণ x/y ধরে ১ বিয়োগ এবং দ্বিতীয় সমীকরণে ১ যোগ করে সমাধান করতে হবে]

>০.১ সংখ্যাটি ০.০০১ এর কতগুলি বড়? ১০০ [বড় সংখ্যাকে ছোট সংখ্যা দ্বারা ভাগ দিলেই হল]

>  $0.5 \times 0.0005 = ?$  ০.০০০২৫ [দুটি দশমিক সংখ্যার গুননে ০ বাড়ে না, অধিকের ক্ষেত্রে প্রতি দশমিকে এক ০ ]

> $[0.75(7.8 - 2.3 - (12.75 - 9.25))] = ?$  ২.৫ [ধাপ: )-]-এর-ভাগ-গুনন-যোগ-বিয়োগ]

> $0.00010 + 5 \times 10$  এর উপর -৩ = ? ৩.০০০১০ [এখানে -৩ হল ১/৩ তাই বলা যায় ৫/৩। তাহলে ১০ এর উপর ৩ মানে ১০০০। অতএব ৫/১০০০]

>-২+(-২)-{-(২)}-২ = ?  
-৮

>১ কে ১০০ বার ১ দিয়ে গুন করে গুনফলকে ১ দিয়ে ভাগ করে, ভাগফল থেকে ১ বিয়োগ করে, বিয়োগফলকে ১০০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? ০।

>কোন পূর্ণ বর্গসংখ্যার একক স্থানীয় অংক ০, ১, ৪, ৫, ৬ বা ৯ হবে এবং শেষে বেজোড় হবে না।

>রোট  $0.00000625 = ?$  ০.০০২৫ [জোড়া দাগ দিয়ে বর্গ সংখ্যা নিচে, বামে বর্গমূল বসবে, এভাবে ডাবল হবে ভাজক, ভাজকের ডানে ভাগফলও ডানের মতোই বসবে]

>০.০০০১ এর বর্গমূল কত? ০.০১ [পূর্ণবর্গ সংখ্যা একক স্থানীয় মান ২, ৩, ৭ বা ৮ হতে পারে না]

>২০৭৪০ সংখ্যক সৈন্যকে বর্গাকারে সাজাতে গিয়ে ৪ জন অতিরিক্ত হয়। প্রতি সারিতে সৈন্য সংখ্যা? ১৪৪ [৪ বাদ দিয়ে ২০৭৩৬ কে বর্গে বাজাতে হবে, বেজোড় থাকলে প্রথম একটিকে (২)কে একটি ধরে]

>ত্রোট ১২৫×৮ = ? ১০ [১২৫ ও ৮ কে বর্গে ফেলে রোট ৩ কে ভ্যানিস করতে হয়]

>যত দাতা প্রত্যেক তত ১০ পয়সা দেয়াতে ২৫০ পয়সা হয়। দাতার সংখ্যা কত? ৫ [দাতা x হলে x এর ১০ পয়সা মানে xগুনন x10 পয়সা = ২৫০, সমাধার করে বের করতে হয়]

## বানরের বাঁশে ওঠা সংক্রান্ত

### বানরের বাঁশে ওঠা সংক্রান্ত

এই সকল অংক গুলো জানার জন্য শুধু মাত্র ১টি টেকনিক মনে রাখুন।  
এটাইপের ১টি অংক প্রাইমারীতে থাকে। ভাগ্য ভালো হলে কমন পড়ে যেতে  
পারে।

যেমনঃ

১. যখন বানর তৈলাক্ত বাশের মাথায় নির্দিষ্ট সময় উঠে এবং নির্দিষ্ট সময়ে নামে  
তখন-

প্রয়োজনীয় সময়={((মোট দৈর্ঘ্য-নির্দিষ্ট সময় ঘতটুকু উঠে)÷(নির্দিষ্ট সময় ঘতটুকু  
উঠে -)}\*২+১

উদাহারনঃ

প্রশ্নঃ একটি বানর ৯২ ফুট উচু একটা তৈলাক্ত বাশ বেয়ে উপরে উঠতে লাগল।  
বানরটি প্রথম মিনিটে ১২ ফুট ওঠে, কিন্তু দ্বিতীয় মিনিটে ৮ ফুট নেমে যায়। বাশের  
মাথায় উঠতে বানরটির কত মিনিট সময় লাগে?

শর্টটেকনিক:

$$\begin{aligned}\text{প্রয়োজনীয় সময়} &= \left\{ \frac{(\text{মোট দৈর্ঘ্য}-\text{নির্দিষ্ট সময় ঘতটুকু উঠে})}{\text{নির্দিষ্ট সময় ঘতটুকু উঠে}} \right\} * ২ + ১ \\ &= \left\{ \frac{(৯২-১২)}{(১২-৮)} \right\} * ২ + ১ = (৮০/৪) * ২ + ১ \\ &= ৪১ \text{ মিনিট } (\text{উৎ})\end{aligned}$$

পিপা ট্যাংক চৌবাচ্চা সংক্রান্ত

মাত্র ২টি গুরুত্বপূর্ণ টেকনিক মনে রাখলেই,, টেকনিকে এই ধরনের সকল অংক  
করা সম্ভব।

১. যখন কোন পিপা/ ট্যাংক দুইটি নলের ১টি পানি দ্বারা পূর্ণকরণ এবং অপর  
অপসারণরত থাকে তখন –

পিপা/ ট্যাংক পূর্ণ বা খালি হতে প্রয়োজনীয় সময়= $m n \div (m-n)$

এখানে,  $m=$ ২য় নল দ্বারা ব্যয়িত সময়

$n=$  ১ম নল দ্বারা ব্যয়িত সময়

যেমন-

প্রশ্নঃ একটি চৌবাচ্চা একটি নল দ্বারা ১০ ঘন্টায় পূর্ণ হয়। তাতে একটি ছিদ্র থাকায় পূর্ণ হতে ১৫ ঘন্টা লাগে। ছিদ্র দ্বারা চৌবাচ্চাটি খালি হতে কত সময় লাগবে?

শর্টটেকনিক:

$$(15*10) \div (15-10) = 30 \text{ ঘন্টা}$$

২. যখন দুইটি নল দ্বারা চৌবাচ্চা পূর্ণ হয় তখন-

প্রয়োজনীয় সময় =  $mn \div (m+n)$

যেমন-

প্রশ্নঃ একটি চৌবাচ্চা দুটি নল দ্বারা ঘথাক্রমে ২০ এবং ৩০ মিনিটে পূর্ণ হয়। দুটি নল এক সংগে খুলে দিলে চৌবাচ্চাটি কত সময়ে পূর্ণ হবে?

শর্টটেকনিক:

$$\text{প্রয়োজনীয় সময়} = mn \div (m+n) \\ = 30 * 20 \div (30+20) = 12 \text{ মিনিট}$$

নৌকা ও শ্রোত সংক্রান্ত গণিত

১. নৌকার বেগ-

$$V = (\text{শ্রোতের অনুকূলে নৌকার বেগ}(x) + \text{শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ}(y)) \div 2$$

যেমন-

প্রশ্নঃ একটি নৌকা শ্রোতের অনুকূলে ঘন্টায় ৮কি. মি. এবং শ্রোতের প্রতিকূলে ৪ কিলোমিটার ঘায়। নৌকার বেগ কত?

শর্টটেকনিক:

$$V = (\text{শ্রোতের অনুকূলে নৌকার বেগ}(x) + \text{শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ}(y)) \div 2 \\ = (8+4) \div 2 = 6 \text{কি. মি.}$$

২. যখন নৌকাটি নির্দিষ্ট স্থানে গিয়ে আবার পূর্বের স্থানে ফিরে আসে তখন-

পূর্বের স্থানে ফিরে আসার সময় =  $d \{1/(p+q) + 1/(p-q)\}$

এখানে,

$d$ =মোট অতিক্রান্ত দূরত্ব

$p$ =নৌকার বেগ

$q$ =শ্রোতের বেগ

প্রশ্নঃ নৌকা ও স্রোতের বেগ ঘন্টায় যথাক্রমে ১০ ও ৫কি. মি.। নদী পথে ৪৫ কি.মি. দীর্ঘ পথ একবার অতিক্রম করে ফিরে আসতে কত ঘন্টা সময় লাগবে?

শর্টটেকনিক:

$$\text{পূর্বের স্থানে ফিরে আসার সময়} = d \left\{ \frac{1}{(p+q)} + \frac{1}{(p-q)} \right\}$$
$$= 45 \left\{ \frac{1}{(10+5)} + \frac{1}{(10-5)} \right\} = 12 \text{ ঘন্টা}$$

কাজ ও সময় সংক্রান্ত গনিত

(৩০ সেকেন্ডে অংক গুলো করে পেলুন মাত্র ৫টি টেকনিকে)

১. কাজ, সময় ও লোক উল্লেখ থাকলে-

$$1\text{ম লোক} (M1) * 1\text{ম সময়} (T1) = 2\text{য় লোক} (M2) * 2\text{য় সময়} (T2)$$

বা, ২য় সময় = ১ম লোক \* ১ম সময় / ২য় লোক

যেমন-

প্রশ্নঃ ১০জন লোক একটি কাজ ২০ দিনে করতে পারে। ৮জন লোকের ঐ কাজটি করতে কতদিন লাগবে?

শর্টটেকনিক:

$$2\text{য় সময়} = 1\text{ম লোক} * 1\text{ম সময়} / 2\text{য় লোক}$$

$$2\text{য় সময়} (D2) = 10 * 20 / 8 = 25 \text{ দিন।}$$

২. কাজের ক্ষেত্রে পুরুষ= স্ত্রী/ বালক বা স্ত্রী=পুরুষ/বালক এবং ১ম সময় উল্লেখ থাকলে ২য় সময়-

$$T2 = T1 / (3\text{য় লোকসংখ্যা} / 1\text{ম লোকসংখ্যা} + 4\text{র্থ লোকসংখ্যা} / 2\text{য় লোকসংখ্যা})$$

(এখানে T1 = ১ম সময় T2 = ২য় সময়)

যেমন-

প্রশ্নঃ ২জন পুরুষ বা তিনিজন বালক যে কাজ ১৫ দিনে সম্পন্ন করতে পারে, চার জন পুরুষ এবং ৯ জন বালক তার দ্বিগুণ কাজ করতে দিনে করতে পারে?

শর্টটেকনিক:

$$T2 = 15 / (4/2 + 9/3) = 3 \text{ দিনে}$$

৩. কোন কাজ দুজনে নির্দিষ্ট সময় পৃথকভাবে শেষ করলে একত্রে কাজ করার ক্ষেত্রে-  
প্রয়োজনীয় সময়=(১ম সময়(m)\*২য় সময়(n)) / (১ম সময়(m)+২য় সময়(n))

যেমন-

প্রশ্নঃ একটি কাজ ক একা ৬ দিনে এবং খ একা ১২ দিনে শেষ করলে ক ও খ একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে?

শর্টটেকনিক:

$$= \frac{12 * 6}{(12 + 6)} = 8 \text{ দিন}$$

৪. কোন কাজ দুই জনে নির্দিষ্ট সময় একত্রে করতে পারলে একজনের এক কাজটি শেষ করতে-

প্রয়োজনীয় সময় =  $(1 \text{ ম সময় } (m) * 2 \text{ য সময় } (n)) / (1 \text{ ম সময় } (m) - 2 \text{ য সময় } (n))$   
যেমন-

প্রশ্নঃ একটি কাজ ক এবং খ ১২ দিনে এবং ক একা ২০ দিনে শেষ করলে, খ একা কাজটি কত দিনে শেষ করতে পারবে?

শর্টটেকনিক:

$$= \frac{(20 * 12)}{(20 - 12)} = 30 \text{ দিন}$$

৫. দুই ব্যক্তি কাজ শুরু করার পর একজন চলে গেলে কাজ শেষ হওয়ার সময়, যদি একজনের কাজের সময় অপর জনের দ্বিগুণ হয় তবে-

কাজ শেষ হওয়ার সময় =  $\frac{2}{3} * (D1 + D3)$

(এখানে, D1 = ১ ম সময় D3 = ৩ য সময়)

যেমন-

প্রশ্নঃ ক একটি কাজ ১২ দিনে এবং খ ২৪ দিনে করতে পারে। তারা একত্রে কাজ আরম্ভ করে এবং কয়েক দিন পর ক কাজটি অসমাপ্ত রেখে চলে যায়। বাকি কাজটুকু খ ৩ দিনে শেষ করে। কাজটি কত দিনে শেষ হয়েছিল।

শর্টটেকনিক:

$$= \frac{2}{3} * (12 + 3) = 10 \text{ দিন}$$

প্রতিযোগিতার রাজ্য অল্ল পড়ে অন্যদের চেয়ে অনেক বেশি মনে রাখতে টেকনিকের বিকল্প নেই। তাই এই গুলো ৮/১০ বার প্র্যাকটিস করুন। হয়ে যাবে।

## কাজ ও শ্রমিক সংক্রান্ত

নিয়ম-১:

ক, খ এবং গ একটি কাজ যথাক্রমে ১২, ১৫ এবং ২০ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কতদিনে করতে পারবে?

$$\text{টেকনিক} = abc / (ab + bc + ca)$$

$$= (12 \times 15 \times 20) / (12 \times 15 + 15 \times 20 + 20 \times 12) = 5 \text{ দিনে (উঃ)}$$

নিয়ম-২:

৯ জন লোক যদি একটি কাজ ৩ দিনে করে তবে কতজন লোক কাজটি ৯ দিনে করবে?

$$\text{টেকনিক} : M1D1 = M2D2$$

$$\text{বা, } 9 \times 3 = M2 \times 9$$

$$\text{বা, } M2 \times 9 = 27$$

$$M2 = 27/9$$

$$\text{সুতরাং, } M2 = 3 \text{ দিনে(উঃ)}$$

নিয়ম-৩:

৩ জন পুরুষ বা ৪ জন মহিলা একটি কাজ ২০ দিনে করতে পারে। ঐ কাজটি শেষ করতে ২ জন পুরুষ এবং ৫ জন মহিলার প্রয়োজন হবে দিন সময় লাগবে?

$$\text{টেকনিক}: T = (M1 \times W1 \times T1) / (M1W2 + M2W1)$$

$$= (3 \times 8 \times 20) / (3 \times 5 + 8 \times 2)$$

$$= 12 \text{ দিন(উঃ)}$$

নিয়ম-৪:

যদি নুসরাত একটি কাজ ১০ দিনে করে এবং মায়ামি ঐ কাজ ১৫ দিনে করে তবে নুসরাত এবং মায়ামি একসাথে কাজটি কত দিনে করতে পারবে?

$$\text{টেকনিক}: G = FS / (F+S)$$

$$= (10 \times 15) / (10 + 15)$$

$$= 6 \text{ দিনে(উঃ)}$$

নিয়ম-৫:

যদি ক একটি কাজ ১০ দিনে করে এবং ক ও খ একসাথে কাজটি ৬ দিনে করে তবে খ কাজটি কতদিনে করতে পারবে?

$$\text{টেকনিক}: G = FS / (F-S)$$

$$= (10 \times 6) / (10 - 6)$$

$$= 15 \text{ দিনে(উঃ)}$$

## সুদকষার সব অংক

★ টেকনিক-১: যখন মূলধন, সময় এবং সুদের হার সংক্রান্ত মান দেওয়া থাকবে তখন-  
সুদ বা মূলাফা =  $(মূলধন \times সময় \times সুদেরহার) / 100$   
প্রশ্ন: ৯.৫% হারে সরল সুদে ৬০০ টাকার ২ বছরের সুদ কত?  
সমাধান: সুদ বা মূলাফা =  $(৬০০ \times ২ \times ৯.৫) / 100 = ১১৪$  টাকা

★ টেকনিক-২: যখন সুদ, মূলধন এবং সুদের হার দেওয়া থাকে তখন -  
সময় =  $(সুদ \times 100) / (মূলধন \times সুদের হার)$   
প্রশ্ন: ৫% হারে কত সময়ে ৫০০ টাকার মূলাফা ১০০ টাকা হবে?  
সমাধান: সময় =  $(১০০ \times 100) / (৫০০ \times ৫) = ৪$  বছর

★ টেকনিক-৩: যখন সুদে মূলে গুণ হয় এবং সুদের হার উল্লেখ থাকে তখন -  
সময় =  $(সুদেমূলে যতগুণ - ১) / সুদের হার \times ১০০$   
প্রশ্ন: বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছর পরে সুদে আসলে দ্বিগুণ হবে?  
সমাধান: সময় =  $(২ - ১) / ১০ \times ১০০ = ১০$  বছর

★ টেকনিক-৪: যখন সুদে মূলে গুণ হয় এবং সময় উল্লেখ থাকে তখন  
সুদের হার =  $(সুদেমূলে যতগুণ - ১) / সময় \times ১০০$   
প্রশ্ন: সরল সুদের হার শতকরা কত টাকা হলে, যে কোন  
মূলধন ৮ বছরে সুদে আসলে তিনগুণ হবে?  
সমাধান: সুদের হার =  $(৩ - ১) / ৮ \times ১০০ = ২৫\%$

★ টেকনিক-৫: যখন সুদ সময় ও মূলধন দেওয়া থাকে তখন সুদের হার =  $(সুদ \times ১০০) / (আসল বা মূলধন \times সময়)$   
প্রশ্ন: শতকরা বার্ষিক কত টাকা হার সুদে ৫ বছরের ৪০০ টাকার সুদ ১৪০ টাকা হবে?  
সমাধান: সুদের হার =  $(১৪০ \times ১০০) / (৪০০ \times ৫) = ৭$  টাকা

★ টেকনিক-৬: যখন দুটি আসল এবং দুটি সময়ের সুদ দেওয়া থাকে তখন -  
সুদের হার =  $(মোট সুদ \times ১০০) / ((১ম মূলধন \times ১ম সময়) + (২য় মূলধন \times ২য় সময়))$   
প্রশ্ন: সরল হার সুদে ২০০ টাকার ৫ বছরের সুদ ও ৫০০ টাকার ৬ বছরের সুদ মোট ৩২০ টাকা হলে সুদের  
হার কত?  
সমাধান: সুদের হার =  $(৩২০ \times ১০০) / ((২০০ \times ৫) + (৫০০ \times ৬)) = ৮$  টাকা

★ টেকনিক-৭: যখন সুদের হার, সময় এবং সুদে- মূলে উল্লেখ থাকে-  
মূলধন বা আসল =  $(১০০ \times সুদআসল) / \{১০০ + (\text{সময়} \times \text{সুদের হার})\}$   
